DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
Dt. 02.04.2025

ভারতীয় রেলে ৩২৪৩৮ গ্রুপ ডি
নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

রাজ্য পুলিশে ১০২৫৫ কনস্টেবল
নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

বর্ষ ৪৫ সংখ্যা ৩৬ কলকাতা বুধবার, ২ এপ্রিল ২০২৫/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৯ চৈত্র ১৪৩১ দাম ৫.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## এন টি পি সি গ্রিন এনার্জিতে ১৫৬

ইঞ্জিনিয়ারিং এবং হিউম্যান রিসোর্স ও ফিনান্স বিভাগে ১৫৬ জন কর্মী নেবে এন টি পি সি গ্রিন এনার্জি। ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে এই সব শাখায়— সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনফর্মেশন টেকনোলজি, কন্ট্রাক্ট অ্যান্ড মেটেরিয়াল। প্রাথমিক ভাবে তিন বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও দুই বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/25.

শূন্যপদের বিবরণ: **সিভিল** ৪০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **ইলেক্ট্রিক্যাল** ৮০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। **মেকানিক্যাল** ১৫টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেকানিক্যাল শাখার ক্ষেত্রে এম ই বা এম টেক পাশ প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

**ইনফর্মেশন টেকনোলজি:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**কন্ট্রাক্ট অ্যান্ড মেটেরিয়াল:** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা এম বি এ বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা রিনিউয়েবল এনার্জি ক্ষেত্রে এম ই বা এম টেক পাশ। এর পাশাপাশি রিনিউয়েবল এনার্জি ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**এক্সিকিউটিভ: হিউম্যান রিসোর্স:** ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

*এরপর বারোর পাতায়*

## হিন্দুস্তান পেট্রোলিয়ামে জুনিয়র এক্সিকিউটিভ

বিভিন্ন বিভাগে জুনিয়র এক্সিকিউটিভ পদে ৬২ জনকে নেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন। এটি কেন্দ্রের পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের প্রবেশন।

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: মেকানিক্যাল:** ১১টি। **ইলেক্ট্রিক্যাল:** ১৭টি। **ইনস্ট্রুমেন্টেশন:** ৬টি। **ফায়ার অ্যান্ড সেফটি:** ২৮টি।

শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

*এরপর বারোর পাতায়*

## ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্টে বিভিন্ন চাকরি

জুনিয়র ইঞ্জিনিয়ার, প্রোগ্রামিং অ্যাসোসিয়েট, এইচ আর অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র মেইন্টেনার পদে ৭০ জনকে নেবে ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশন। এটি কেন্দ্রের হাউজিং অ্যান্ড আর্বান অ্যাফেয়ার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। জুনিয়র ইঞ্জিনিয়ার ও জুনিয়র মেইন্টেনার নিয়োগ করা হবে বিভিন্ন শাখায়। প্রথমে ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NCRTC/CO/HR/Rectt./O&M. 13/2025.

শূন্যপদের বিবরণ: **পোস্ট কোড ১: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। বেতনক্রম: ২২,৮০০-৭৫,৮৫০ টাকা।

**পোস্ট কোড ২: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স):** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। বেতনক্রম: ২২,৮০০-৭৫,৮৫০ টাকা।

**পোস্ট কোড ৩: জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল):** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ম্যানুফ্যাকচারিং, মেকট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল, মেশিনিং, টুলস অ্যান্ড

*এরপর বারোর পাতায়*

## নিউক্লিয়ার পাওয়ারে ১২২ অ্যাপ্রেন্টিস

১২২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে বিভিন্ন ট্রেড ও শাখায় ১ বছরের ট্রেনিং দেওয়া হবে মাদ্রাজ অ্যাটমিক পাওয়ার স্টেশনে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: 01/MAPS/HRM/TA-XVIII/2025

ক্যাটেগরি ও ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ট্রেড অ্যাপ্রেন্টিস: ফিটার ২৯টি। মেশিনিস্ট ৪টি। টার্নার ১টি। ওয়েল্ডার ১২টি। ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ১টি। ইলেক্ট্রিশিয়ান ২৫টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক ৬টি। ইলেক্ট্রনিক মেকানিক ৪টি। কার্পেন্টার ১টি। প্লাম্বার ১টি। ম্যাসন ১টি। ড্রাফটসম্যান (সিভিল) ৩টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৪টি। ক্যাটেগরি অনুসারে আসন: সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৭, ও বি সি ২৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩, দৈহিক প্রতিবন্ধী ৩। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৪ বছরের মধ্যে

*এরপর তিনের পাতায়*

## ইসরোয় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৭৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রীয় সরকারের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে গ্র্যাজুয়েট, ডিপ্লোমা ও ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: ISTRAC/APPRMT/2025.

শাখা অনুসারে আসন— গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: **কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ১৫টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ২০টি। **ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ৩টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ৫টি। **অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ২টি। **লাইব্রেরি সায়েন্স:** ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক। লাইব্রেরি সায়েন্সের ক্ষেত্রে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ২টি।

*এরপর চারের পাতায়*

## দক্ষিণ পূর্ব মধ্য রেলে ৫২৩ ইন্টার্ন

টেকনিক্যাল ও ম্যানেজমেন্ট শাখায় ৫২৩ জন ইন্টার্ন নেবে দক্ষিণ পূর্ব মধ্য রেল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৫৭/২০২৫।

আই টি আই এবং বিভিন্ন ম্যানেজমেন্ট কলেজে পাঠরত স্নাতক ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবেন।

শাখা অনুসারে শূন্যপদ: ফিনান্স ম্যানেজমেন্ট: ১০টি। মেকানিক্যাল: ২৩০টি। ইঞ্জিনিয়ারিং (সিভিল): ৫০টি। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৩৬টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড আইটি/ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন: ১৫০টি। মেটিরিয়াল ম্যানেজমেন্ট: ২টি। এইচ আর ম্যানেজমেন্ট: ৪০টি। ই ডি পি এম: ৫টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://secr.indianrailways.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ মে পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

## ব্যাঙ্ক অব বরোদায় ১১৯

### সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার, ওয়েলথ স্ট্র্যাটেজিস্ট

সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার ও ওয়েলথ স্ট্র্যাটেজিস্ট (ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনশিওরেন্স) পদে ১১৯ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ ৫ বছর পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2025/03.

**শূন্যপদের বিন্যাস: সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার:** ১০১টি (সাধারণ ১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ২২, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪০)। এর মধ্যে ৪টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণ ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েল্থ স্ট্র্যাটেজিস্ট (ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনশিওরেন্স):** ১৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক। ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা বা এনআইএসএম বা আইআরডিএ সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠানে সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ৩ বছর এবং ওয়েলথ স্ট্র্যাটেজিস্ট পদের ক্ষেত্রে রিলেশনশিপ ম্যানেজার বা ইনভেস্টমেন্ট কাউন্সেলর হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৩-২০২৫ তারিখে সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৫ বছর এবং ওয়েলথ স্ট্র্যাটেজিস্ট পদের ক্ষেত্রে ২৪ থেকে ৪৫ বছরের

*এরপর বারোর পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

স্বনির্ভরতার সন্ধান

## সুগন্ধী তৈরি উপার্জনের পথ দেখাচ্ছে

**ত্বকে অস্বস্তি জাগানো রাসায়নিক উপকরণ ছাড়াই, খাঁটি প্রাকৃতিক উপাদান দিয়ে পারফিউম তৈরি করে দেন পেশাদার সুগন্ধী নির্মাতারা। ক্রেতার মন যা চায়, ঠিক সেই গন্ধই বিতরণ করবে সেই সুগন্ধী। ইদানীং বাজার চলতি পারফিউমের কাটতিতে ভাগ বসিয়েছে এ ধরনের কাস্টমাইজড পারফিউম। আগ্রহীরা বানানো শিখে ব্যবসা করে ভালো উপার্জন করতে পারেন।**



নিজস্ব প্রতিনিধি: বাজারে নানা ধরনের সুগন্ধী পাওয়া যায়। কিন্তু সব সময় ঠিক পছন্দের গন্ধটি কি বাজারে মেলে? কারও কারও ত্বকে আবার রাসায়নিক উপাদানে তৈরি সুগন্ধী সহ্য হয় না। তবে এ সবেরই সমাধান আছে! মনোমতো আর ত্বকের প্রতি যত্নশীল সুগন্ধী তৈরি করে নেওয়া যায়। এর জন্য পেশাদাররা আছেন। তাঁরা ক্রেতার পছন্দ জেনে নিয়ে সেই মতো পারফিউম বা আতর তৈরি করে দেন।

এই ধরনের কাস্টমাইজড সুগন্ধী ঘরোয়া ভাবে বানানো হয়, তাতে নামমাত্র রাসায়নিক উপাদান থাকে। অনেক ক্ষেত্রে শুধুই এসেনশিয়াল অয়েল ব্যবহার করা হয়। ফলে ত্বকে কোনও অস্বস্তি বা ত্বকের কোনও ক্ষতি হয় না। শুধু নিজের ব্যবহারের জন্য নয়, জন্মদিন, বিবাহবার্ষিকী, যে-কোনও আনন্দ-উৎসবে উপহার দেওয়া যায় এই ধরনের সুগন্ধী। সেক্ষেত্রে যাঁকে উপহার দেওয়া হবে, তাঁর পছন্দ ও রুচির কথা জানা থাকলে আরও ভালো।

*এরপর চারের পাতায়*

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

Eastern India's Largest Performing Art Institute looking for Manager Operations, Academic Counsellors Exp-5yrs+ CV@smpai official@gmail.com

□

Telecallers/Counsellors/Marketing Executives required for reputed Educational Institute at Central Kolkata. Freshers may also apply. Call@90511-17308 for Interview Appointment.

□

24 ঘন্টার মহিলা চাই, কলকাতায় ঘর + রান্নার কাজ মাসে ১৪০০০/- , বাচ্চা/পেশেন্ট দেখা ১৫০০০/-, মুম্বাই, ব্যাঙ্গালোর, হায়দ্রাবাদ ২২-২৫ হাজার, জাপা ও নার্স চাই। Kacher Lok 62913-85823.

□

Vivekananda Mission School, Joka Urgently requires trained Teacher for the Pre Primary Section and a trained Mathematics Teacher (preferably MSc with B.Ed) for the middle school. Candidates must have English medium background and 5 years experience. Salary as per ROPA scale. Interested candidates may apply in the next 7 days through our website http://vms.edu.in/careers.

□

আড়াই বছরের শিশুকে দেখাশোনার জন্য হায়দ্রাবাদে বাড়িতে কর্মঠ মহিলা শীঘ্র দরকার, থাকা খাওয়া মাহিনা ১৫ হাজার। মো: 98314-26038, 91606-03567.

□

An experienced Computer Accountant required immediately for a Howrah based organization. Come with CV at Shree Shyam Mandir Ghusuridham, 122, J. N. Mukherjee Road, Howrah-7 (Mon-Fri-11 am to 2 pm).

□

### কর্মখালি

Required Dynamic Marketing Manager & Marketing Executives for a newly launched Skincare Brand. Apply to– medhzskincare@gmail.com

□

কোম্পানির জরুরি ভিত্তিতে ফ্রেশার, ডেভেলপমেন্ট অফিসার এবং প্রোমোটার-কাম-প্রশিক্ষক প্রয়োজন, বাড়ি থেকে কাজ করুন, সীমিত স্থান– 89849-53930.

□

একটি বিশ্ব বিখ্যাত Soft Drinks কোম্পানিতে মার্কেটিং কাজের জন্য কর্মী নিয়োগ চলছে। বেতন: ১১-১৪ হাজার + incentive সহ PF ও ESI সুবিধা, ন্যূনতম HS পাশ এবং ৩৫ বছরের কম বয়সী আগ্রহী প্রার্থীরা শীঘ্রই 98743-81883/79803-27193 নম্বরে যোগাযোগ করুন।

□

পাঠ মন্দির রাজপুর কালিতলা কলিঃ ১৪৯ ট্রেনিং প্রাপ্ত শিক্ষিকা চাই। বিষয় Math, Eng, Science, Bengali, History, Computer 98743-28360 (11 am 4 pm).

□

Book.Com @ Part Time হাতের কাজ করুন/বই দেখে লেখা বা ফর্ম ফিলাপ/Comp Type বা Phone Type করে সপ্তাহ/মাসে আয় Spot payment. 62911-59330.

□

Reqd Back office & autocad layout plan making female candidates 22-35 yrs any graduate 1 yr experience (MS Word/Excel) Timing- 10 a.m. to 7 p.m. Salary- Rs. 8K-Rs.10K Contact No-90073-13986.

□

অবসরোত্তর জীবনে 60-75 Top MNC তে উচ্চ আয় Retd Govt/Bank Rly, army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমণ দ্রুত পদোন্নতি Bonus P.S Bose 62912-11862.

□

Homeopathic Doctor for a Social Organization working in South Dinajpur District. Apply-Wapp 81452-59927.

□

### কর্মখালি

কলকাতাসহ সারা ভারতে ও বিদেশে 24 HR জাপা রান্না বাচ্চা/পেশেন্ট দেখা ও ঘরোয়া কাজে M/F চাই। 12K-2L/- থাকা+খাওয়া। 70591-66264/ 90515-22914.

□

পশু হাসপাতালে রান্নাবান্না ও সাফ সাফাইয়ের জন্য মহিলা/পুরুষ কর্মী চাই। বয়স অনূর্ধ্ব ৫৫। থেকে কাজ। থাকা খাওয়া সহ বেতন ৮০০০-১২০০০/- 87772-54130.

□

Fly Airways Co.-তে যাত্রীদের খাবার প্যাকিং চেকিং গ্রাউন্ড স্টাফ ও অফিসিয়াল কাজের জন্য M/F চাই। বেতন 18537-32857 + PF + ESI. 90627-19523- আকাশ রায়।

□

A Kalyani based Ice Cream Co. Position– Sales, Accounts. Experienced will be preferred. Fresher's also welcome. Candidates may apply to– Email: amitavadey.2711 @gmail.com Whatsapp : 94330-12711.

□

**অভিজ্ঞ DTP Operator চাই**

বই বা Newspaper-এর কাজ জানা অভিজ্ঞ DTP Operator চাই। CV email করুন rayandmartinjobs@gmail.com-এ। কর্মস্থান: 10 রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

□

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### কর্মখালি

Required One Computer Operator capable of Operating Government Portals. Post your resume in pdpstaff35@gmail.com with your expectations. (Kol-01).

□

Punjab শহরে বাড়ীতে কাজের জন্য থাকা খাওয়া সহ একজন পিছুটান বিহীন 40-50 বছরে মহিলা কাজের লোক প্রয়োজন। English বলতে ও লিখতে জানা চাই। 98035-50708.

□

কোলকাতার একটি স্কুলে শীঘ্র প্রয়োজন পাবলিক সার্ভিস ভেহিকল বাস লাইসেন্স থাকা বাসচালক এবং হেল্পার। ভালো বেতনসহ রয়েছে ই. এস. আই সুবিধা, বোনাস, মোবাইল ফোন এবং থাকার ব্যবস্থা। # 62908-28900.

□

Sky Airways-গ্রাউন্ডস্টাফ, ট্রলিবয়, হাউসকিপিং, রিশেপসনিস্ট, Peon, Checking, ব্যাক অফিস পুরুষ মহিলা চাই। বেতন 18K-65K ESI, PF, OT. 84820-15005.

□

Pvt আমুল, আশীর্বাদ, ডাবর, কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিসেপশনিস্ট স্টোরকিপার 35 জন চাই। ESI PF OT বেতন 13K-40L 90734-72988.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৫ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৬ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১২ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## চিত্তরঞ্জনে সরকারি স্কুলে শিক্ষক-শিক্ষিকা

চিত্তরঞ্জন হাই স্কুল, দেশবন্ধু গার্লস ও দেশবন্ধু বয়েজ স্কুলে কিছু পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার ও গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার নিয়োগ করা হবে। আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GMA/School/G/Contractual TCR.

শূন্যপদের বিবরণ: পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার: ফিজিক্স ১টি, কেমিস্ট্রি ১টি, কম্পিউটার ১টি, হিন্দি ১টি। ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচার: ইংলিশ ১টি, সোশ্যাল স্টাডিজ ৪টি, ফিজিক্স কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স ২টি, হিন্দি ১টি।

শিক্ষাগত যোগ্যতা: পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচারদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে বি এড কোর্স পাশ। ইংরেজি মাধ্যমে পড়ানোর দক্ষতা থাকতে হবে। কম্পিউটার জানলে অগ্রাধিকার। ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক, সঙ্গে ডি এল এড পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে বি এড পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে বি এড কোর্স পাশ। অথবা অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে এন সি টি ই রেগুলেশনস অনুযায়ী বি এড-এর ১ বছরের কোর্স পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ৪ বছরের বি এল এড কোর্স পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ৪ বছরের বি এ/বি এসসি এড অথবা বি এ এড বা বি এসসি এড পাশ। অথবা ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে ১ বছরের বি এড কোর্স পাশ। অথবা অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ৩ বছরের ইন্টিগ্রেটেড বি এড-এম এড কোর্স পাশ।

বয়স: ১০-৩-২০২৫ তারিখে ১৮ থেকে ৬৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচারদের ক্ষেত্রে প্রতি মাসে ২৭,৫০০ টাকা এবং ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচারদের ক্ষেত্রে প্রতি মাসে ২৬,২৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে সরাসরি সাক্ষাৎকারের ভিত্তিতে। সাক্ষাৎকার আয়োজিত হবে ৫ থেকে ১২ এপ্রিলের মধ্যে। ইন্টারভিউ নেওয়া হবে এই ঠিকানায়: চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৩১।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://clw.indianrailways.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩৪১-২৫২৫৫১২।

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# কী পড়বেন, কোথায় পড়বেন

## নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটে স্নাতকোত্তর ডিগ্রি ও ডিপ্লোমা কোর্স

এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট, এনভায়রনমেন্ট অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ আরও অন্যান্য বিষয়ের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (ডিমড ইউনিভার্সিটি)। কোর্সগুলি পড়ানো হবে নরেন্দ্রপুর ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**কোর্সের বিবরণ: এম এসসি ইন এগ্রিকালচারাল বায়োটেকনোলজি: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বায়োলজিক্যাল সায়েন্সেস বা এগ্রিকালচার বা সমতুল শাখায় বি এসসি (অনার্স) বা ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রি। অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বায়োটেকনোলজিতে বি ই বা বি টেক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

**এম এসসি (এগ্রিকালচার) ইন এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি (অনার্স) বা ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রি।

**এম এসসি (এগ্রিকালচার) ইন জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি অনার্স।

**এম এসসি ইন এনভায়রনমেন্ট অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এনভায়রনমেন্টাল সায়েন্স বা জিওলজি বা জিওগ্রাফি বা এগ্রিকালচার বা কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা জুলজি বা বটানি বা বায়োটেকনোলজি বা মাইক্রোবায়োলজি বা ফরেস্ট্রি বা সেরিকালচার বা সমতুল বিষয়ে বি এসসি অনার্স। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফিজিক্যাল বা বায়োলজিক্যাল বা বিহেভিওরাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং সায়েন্সেস-এ বি টেক পাশ। উচ্চমাধ্যমিকে অবশ্যই বিজ্ঞান শাখায় পড়াশোনা করতে থাকতে হবে।

**এম এসসি (এগ্রিকালচার) ইন অ্যাগ্রোনমি: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি অনার্স।

**এম এসসি ইন মেডিক্যাল বায়োটেকনোলজি: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বায়োলজিক্যাল সায়েন্সেস বা বায়োটেকনোলজি বা সমতুল শাখায় অনার্স-সহ বি এসসি। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বায়োলজিক্যাল সায়েন্সেস শাখায় বি এসসি। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্সে অনার্স-সহ বি এসসি, উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে লাইফ সায়েন্স পড়ে থাকতে হবে। অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বায়োটেকনোলজিতে বি ই বা বি টেক বা বি ফার্ম পাশ। এম বি বি এস, ভেটেরিনারি সায়েন্সেসে স্নাতক ও ডেন্টাল সার্জারিতে স্নাতক পাশ-রাও আবেদন করতে পারেন।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন পোস্ট-হার্ভেস্ট অ্যান্ড ফুড টেকনোলজি: শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি বা অনার্স-সহ বি এসসি অথবা এগ্রিকালচারে বি এসসি অথবা বি টেক। উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় পড়াশোনা করে থাকতে হবে।

সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে শিক্ষাগত যোগ্যতার নম্বরে ছাড় পাবেন।

কোর্স ফি: সেমেস্টার পিছু ২৫,০০০ টাকা। কশান মানি হিসেবে ৩,০০০ টাকা জমা রাখতে হবে। এটি ফেরতযোগ্য।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২২ জুন। ইন্টারভিউ ৭ থেকে ১২ জুলাই।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://narendrapur.rkmvu.ac.in সব কোর্সের ক্ষেত্রেই অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ মে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, মার্কশিট-সহ প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে অনলাইনে ডেবিট কার্ড বা ভিসা/মাস্টার ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনের ফর্ম যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rkmvu.ac.in

## মেডিক্যাল ফিজিক্সে পোস্ট এম এসসি ডিপ্লোমা

মেডিক্যাল ফিজিক্সে পোস্ট এম এসসি ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

আসনসংখ্যা: ১০টি। তফসিলিদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। তফসিলিরা নিয়মানুসারে নম্বরের ছাড় পাবেন। স্নাতক স্তরে ফিজিক্স অনার্স পড়ে থাকতে হবে অথবা অন্যতম প্রধান বিষয় হিসেবে পড়ে থাকতে হবে।

কোর্স ফি: ১,২০,০০০ টাকা। জি এস টি অতিরিক্ত। ফি দিতে হবে দুই কিস্তিতে। ক্লাস হবে বিকেল ৫টা থেকে রাত ৯টা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত প্রার্থীতালিকা ২৩ মে প্রকাশিত হবে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে। ইন্টারভিউ ১৭ থেকে ১৯ জুন।

আবেদন করতে হবে অনলাইনে এই লিঙ্কের মাধ্যমে: https://jadavpuruniversity.in আবেদনের শেষ তারিখ ২৮ এপ্রিল।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যোগার স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



যোগার স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে মে-তে।

আসনসংখ্যা: ৫১টি। শিক্ষাগত যোগ্যতা: যে কোনও শাখায় স্নাতক।

কোর্স ফি: ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই লিঙ্কের মাধ্যমে: https://docs.google.com/forms/d/e/1FAIpQLSflcCsg57LBYMUHp7rpxvh5fQHYAIp3KXiRnHaK46kPenunqA/viewform আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### ফ্লিপকার্ট ফাউন্ডেশন স্কলারশিপ ২০২৪-২৫

ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, সায়েন্স ও ম্যাথমেটিক্স শাখায় স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত খুচরো বিক্রেতাদের সন্তানদের স্কলারশিপ দিচ্ছে ফ্লিপকার্ট ফাউন্ডেশন। **আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে। **স্কলারশিপের পরিমাণ:** এককালীন ৫০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/FLIP1 আবেদনের শেষ তারিখ ১৬ এপ্রিল।

### ইউনিভার্সিটি অব বার্মিংহাম ইন্ডিয়া চ্যান্সেলর্স স্কলারশিপস ২০২৫-২৬

স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বার্মিংহাম বিশ্ববিদ্যালয়। প্রার্থীকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে সেপ্টেম্বরে শুরু হতে চলা কোর্সে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** টিউশন ফি বাবদ দেওয়া হবে ৬,০০০ ইউরো (ভারতীয় মুদ্রায় প্রায় ৬,৫০,৭৭২ টাকা)।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/UCBD1 আবেদন করা যাবে ৩১ মে পর্যন্ত।

(তথ্য সহায়তা: buddy4study)

# সেন্ট্রাল রোড রিসার্চে ২০৯

## জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র স্টেনোগ্রাফার

**উচ্চ মাধ্যমিক। টাইপিং বা স্টেনোগ্রাফিতে দক্ষ হতে হবে।**

জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র স্টেনোগ্রাফার পদে ২০৯ জনকে নেবে সিএসআইআর-সেন্ট্রাল রোড রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রের সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRRI/02/PC/JSA-JST/2025.

**শূন্যপদের বিবরণ:** ভ্যাকেন্সি কোড JSA202501: **জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট: ১৭৭টি। শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল। কম্পিউটার টাইপিংয়ে দক্ষ হতে হবে। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

ভ্যাকেন্সি কোড JST202502: **জুনিয়র স্টেনোগ্রাফার: ৩২টি। শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল। স্টেনোগ্রাফিতে দক্ষ হতে হবে। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

মোট শূন্যপদের মধ্যে ১০টি দৈহিক প্রতিবন্ধী ও ১৫টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

২১-৪-২০২৫ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর বয়স পর্যন্ত দরখাস্ত গ্রাহ্য হবে।

প্রার্থী বাছাই করা হবে জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ও কম্পিউটার টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে দু'টি পত্রে। প্রথম পত্রে থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট (২০০ নম্বর)। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (১৫০ নম্বর) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (১৫০ নম্বর)। সময় ১ ঘণ্টা। শুধু দ্বিতীয় পত্রে নেগেটিভ মার্কিং আছে। কম্পিউটার টেস্টে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে টাইপ করতে হবে। জুনিয়র স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে নেওয়া হবে লিখিত পরীক্ষা ও স্টেনোগ্রাফি টেস্ট। লিখিত পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৫০ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনসন (১০০ নম্বর) বিষয়ে প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। স্টেনোগ্রাফি টেস্টে মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে দেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে লিখতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.crridom.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০-২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৪-৩০ কেবি সাইজের মধ্যে)স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (জিএসটি অতিরিক্ত)। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ারে ১২২ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

হতে হবে। স্টাইপেন্ড: যাঁরা ১ বছরের আইটিআই কোর্স করেছেন, তাঁদের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭০০ টাকা। যাঁরা ২ বছরের আইটিআই কোর্স করেছেন, তাঁদের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০৫০ টাকা।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল ৭টি। ইলেক্ট্রিক্যাল ৪টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ২টি। সিভিল ১টি। ক্যাটেগরি অনুসারে আসন: সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি ৪। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি শাখায় ডিপ্লোমা। ২০২০ সালের আগে ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করবেন না। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** হিউম্যান রিসোর্সেস ৭টি। কন্ট্রাক্টস অ্যান্ড মেটিরিয়াল ম্যানেজমেন্ট ৩টি। ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস ২টি। এইচ পি ইউ ২টি। কেমিক্যাল ল্যাব ২টি। ক্যাটেগরি অনুসারে আসন: সাধারণ ৯, তফসিলি জাতি ৩, ও বি সি ৪। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক। ২০২০ সালের আগে স্নাতক স্তরের পরীক্ষা পাশ করে থাকলে আবেদন করবেন না। বয়স: ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ৯,০০০ টাকা।

৩০-৪-২০২৫ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা সরকারি নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.npcil.nic.in


**Ramakrishna Mission Shilpamandira**
( An AICTE Approved Self-Financed Polytechnic )
208 G.T. Road, Belur Math, Howrah - 711 202
Affiliated to WBSCT&VE&SD
Estd. 1954

**New Admissions 2025 – 2026**

Online Application Form : 50/-
Shilpamandira Admission Test (SAT) : 20 April 2025
Visit : www.shilpamandira.org or www.belursat.org
Last Date of Submission : 15 April 2025
Exam Time : 10:00 a.m. - 12:00 Noon
Contact : 2654 9381 / 9433012463

**3 Years Diploma**
- Civil Engineering
- Mechanical Engineering
- Electrical Engineering
- Electronics & Telecommunication Engg.

**Eligibility**
Madhyamik or Equivalent
- (Aggregate 50% marks) Math + Phys. Sc. = 50%
- DOB - (01/01/2004- 30/06/2010) Max Age- 21 yrs (01/07/2025)
- Valid JEXPO - 2025 Rank
- Indian Male Only

**Facilities** •Beautiful Campus near Belur Math •Disciplined Academic Culture •Placement Assistance •Industry Visit •Excellent Labs •Library Facility



শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা চুক্তির ভিত্তিতে কলকাতা ডক সিস্টেমে নিম্নলিখিত পদে নিয়োগের জন্য পেশাদারদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক কনসোলিডেটেড পারিশ্রমিক |
|---|---|---|---|
| ১. | অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট (ট্রাফিক) | ০৫ | ₹ ৫৭,০০০/- |
| ২. | জুনিয়র ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (মেরিন) | ০৩ | ₹ ৪৪,৫০০/- |

আরও বিশদ তথ্য, আবেদনের শেষ তারিখ জানতে এবং নির্ধারিত প্রোফর্মা অনুসারে আবেদন করতে (কেবল হার্ড কপিতে) অনুগ্রহ করে এসএমপিকে-এর ওয়েবসাইট- https://smp.smportkolkata.in/smpk/en/ -এর "Job Openings" দেখুন।

Follow us on Syama Prasad Mookerjee Port, Kolkata SMPort Kolkata smpkolkata



!! ভোকেশনাল কোর্স !!
চাকরির সুযোগ সুনিশ্চিত করতে মাঃ/ উঃ মাঃ পর স্বল্প খরচে
Paramedical (DMLT/ CMLT) [Govt. Regd.] কোর্স করুন।
Dr. M. N. Chatterjee Memorial Pathology Laboratory Pvt. Ltd.
হলদিবাটী, উত্তরপাড়া, হুগলি
Contact-
7596036555
7596036556



**Parul® University**
Vadodara, Gujarat | NAAC GRADE A++



Placement Mast, Future Zabardast

Impeccable Placements Offered In The Following Faculties

- Engineering: Diploma | B.Tech | M.Tech
- Management: BBA | MBA
- Architecture: D.Arch | B.Arch | B.Des | M.Plan | M.Des
- Arts: BA | MA
- Applied Science: B.Sc | M.Sc
- Law: LLB | B.B.A. LLB | B.Com. LLB | B.A. LLB
- IT & Computer Sciences: BCA | MCA | B.Sc IT | M.Sc IT
- Pharmacy: D.Pharm | B.Pharm | M.Pharm | Pharm.D| Pharm.D (PB)
- Commerce: B.Com | B.Com. Hons. | M.Com
- Design: Diploma, B.Sc, B.Design | M.Design
- Social Work: BSW| MSW | MSW-HRM
- Public Health: B.Sc | MHA | MPH
- Medicine: MBBS | MS | MD | M.Sc
- Ayurved: BAMS| MD | MS
- Nursing: B.Sc | GNM | ANM | M.Sc | PB - B.Sc
- Homeopathy: BHMS | MD
- Para Medical & Health Sciences: Diploma | B.Sc | M.Sc
- Hotel Management: Diploma & Bachelor in Hotel Management
- Aviation: Bachelor in Aviation Management
- Fine Arts: Bachelor of Visual Arts
- Physiotherapy: BPT | MPT
- Performing Arts: BPA | DPA in Music | Dance | Drama

Industry-linked Online & Open Distance Learning Programs Offered

3 Decades of Excellence
NAAC GRADE A++
DIAMOND QS I-GAUGE
NIRF TOP 50 INNOVATIONS RANKING
Rated 4/4 Stars by Ministry of Education in IIC Annual Report

Highest Package Offered 64 LAKH

Be Among Our Alumni Working With Top Fortune 500 Companies







CHOOSE MORE CHOOSE RIGHT® www.paruluniversity.ac.in 18001231104 KOLKATA ADMISSION OFFICE : 9510971472

স্বনির্ভরতার সন্ধান

# ছাগল ও ভেড়া প্রতিপালনের সরকারি প্রশিক্ষণ

**গ্রামে কিংবা মফস্‌সলে জীবিকার্জনের ভালো উপায় ছাগল বা ভেড়া প্রতিপালন। কিন্তু প্রাণীর দেখভাল সম্পর্কে খুঁটিনাটি জ্ঞান না থাকলে ব্যবসা করা বেশ কঠিন। ছাগল ও ভেড়া পালনের প্রশিক্ষণ দিচ্ছে রাজ্য সরকারের প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগ। নদিয়ার বড়জাগুলিতে পাঁচ দিনের আবাসিক শিবিরে আগ্রহীরা এখনই ভর্তি হতে পারেন।**



**নিজস্ব প্রতিনিধি:** বাংলার গ্রামে কালো ছাগল এবং ভেড়া পালনের রেওয়াজ আছে। অন্য কাজের পাশাপাশি প্রাণী প্রতিপালন সংসারে স্বচ্ছলতা আনতে সাহায্য করে। দেশীয় কালো ছাগল আর দেশি ভেড়ার বাচ্চা উৎপাদনের হার বেশি, রোগ-ব্যাধি কম, কঠিন পরিস্থিতিতেও এরা বেঁচে থাকতে পারে। ফলে প্রাণী প্রতিপালনের ক্ষেত্রে ছাগল ও ভেড়াই পালকদের প্রথম পছন্দ। ভেড়া ও ছাগলের মাংস ছাড়াও উল তৈরির জন্য ভেড়ার লোম ও অন্যান্য উপজাত দ্রব্যের যথেষ্ট চাহিদা আছে।

ছাগলের মতোই ভেড়া পালনের জন্য নির্দিষ্ট কোনও ঘরের প্রয়োজন হয় না। যদি পর্যাপ্ত চরে বেড়ানোর জায়গা থাকে, তাহলে আলাদা করে খাবারের প্রয়োজনও পড়ে না। কিন্তু ছাগল-ভেড়া প্রতিপালনের মধ্য দিয়ে আর্থিক উন্নতি করতে চাইলে প্রয়োজন সঠিক পরিচর্যা ও উন্নত মানের প্রাণী নির্বাচন। প্রশিক্ষণ নেওয়া থাকলে কাজটি করতে সুবিধা হয়। বিশেষ করে পোষা প্রাণীদের অসুখের মোকাবিলা কীভাবে করা যায় বা খামার তৈরি বা ব্যবসার খুঁটিনাটি জানতে প্রশিক্ষণ সাহায্য করে।

ছাগল ও ভেড়া প্রতিপালনের প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগম। এই বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড় জাগুলির অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে ২১ এপ্রিল থেকে ২৫ এপ্রিল পর্যন্ত, ছাগল ও ভেড়া প্রতিপালন ও ব্যবসার প্রশিক্ষণ দেওয়া হবে। আবাসিক প্রশিক্ষণ। প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন এখনই।

## প্রশিক্ষণের খুঁটিনাটি

**কোর্সের নাম:** ছাগল ও ভেড়া প্রতিপালন, ব্যবস্থাপনা ও উদ্যোগপতিত্বের প্রশিক্ষণ

**কী শেখানো হবে:** বিভিন্ন প্রজাতির ছাগল ও ভেড়ার পরিচয় দেওয়া হবে। প্রাণীদেহের গঠন, পুষ্টি, প্রজননের সময় নির্বাচন, কৃত্রিম প্রজনন, বাচ্চার যত্ন, প্রাথমিক চিকিৎসা ও চিরাচরিত উপায়ে চিকিৎসা সম্পর্কে জানানো হবে। এছাড়া খামার ব্যবস্থাপনা, খামার অর্থনীতি, খামার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কেও জানানো হবে। পাশাপাশি শিখবেন, সরকারি প্রকল্পের সুবিধা কী ভাবে পেতে হয় এবং ব্যবসার অন্যান্য খুঁটিনাটি বিষয়।

**কোর্সের মেয়াদ:** ২১ এপ্রিল থেকে ২৫ এপ্রিল।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ। ভারতীয় নাগরিক ও পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

**বয়স:** সর্বাধিক ৬০ বছর।

**আসন সংখ্যা:** ৬০।

**কোর্স ফি:** ২,৬৫৯ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফি-এর অন্তর্গত।

**ভর্তির পদ্ধতি:** 'আগে এলে আগে' পদ্ধতিতে ভর্তি নেওয়া হবে।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in আবেদনের শেষ তারিখ ৫ এপ্রিল।

তথ্য যাচাইয়ের পর, নির্বাচিত প্রার্থীকে এসএমএস-এর মাধ্যমে অথবা ই-মেলে কোর্স ফি জমা করার লিঙ্ক পাঠানো হবে। ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ৮ এপ্রিল।

খুঁটিনাটি তথ্য জানতে ফোন করতে পারেন এই নম্বরে ৮৯৪২৮-২৩৭১২। ই-মেলের মাধ্যমেও তথ্য জানতে পারেন। ই-মেল: aarmtraining@gmail.com

# সুগন্ধী তৈরি উপার্জনের পথ দেখাচ্ছে

*প্রথম পাতার পর*

ঘরোয়া ভাবে এবং ক্রেতার পছন্দ অনুযায়ী কাস্টমাইজড পারফিউম তৈরি করে আপনিও বিক্রি করতে পারেন। তবে এর জন্য প্রশিক্ষণ নেওয়া জরুরি।

## পাঁচ হাজার টাকা পুঁজি নিয়ে শুরু, এখন সুগন্ধীর নিজস্ব স্টোর অদিতির

দক্ষিণ চব্বিশ পরগনার সন্তোষপুরের বাসিন্দা অদিতি রায়চৌধুরী ঘরোয়া ভাবে সুগন্ধী তৈরি করে উপার্জন করছেন। প্রশিক্ষণ নেওয়ার পর সুগন্ধী তৈরি করা শুরু করেন পাঁচ হাজার টাকা পুঁজি নিয়ে। আজ তিনি নিজের পারফিউম স্টোর খুলেছেন। ৯৫টি এসেন্সের সুগন্ধী পাওয়া যায় তাঁর স্টোরে। এছাড়া তিনি তৈরি করে দেন ক্রেতার মনের মতো কাস্টমাইজড পারফিউম।

অদিতির তৈরি সুগন্ধীর নাম 'রিয়াংশিজ এসেন্স'। অদিতি নিজের হাতে তৈরি করেন কাঠগোলাপ, পদ্ম, লাইম ফ্রেশ, জেসমিন, ল্যাভেন্ডার, অরেঞ্জ ব্লাস্ট, ফ্রুটি ফ্রেশ, গ্রিন অ্যাপল, চন্দন ইত্যাদি একাধিক এসেন্সের সুগন্ধী।

'পুজোর সময় ধূপ-ধুনো, অগুরু ইত্যাদি মিলিয়ে যে-সুগন্ধ পাওয়া যায়, সেই সুগন্ধ আছে আমার তৈরি রূপং দেহী পারফিউমে। এছাড়া আতর তৈরি শুরু করেছি। চড়া গন্ধের আতরের পাশাপাশি হালকা গন্ধেরও আতর পাবেন আমার কাছে। সুগন্ধীর পাশাপাশি রুম ফ্রেশনার ও অ্যারোমা ডিফিউজারও তৈরি করি,' বললেন অদিতি।

ব্যবহারকারী ক্রেতার সূত্রে, লোকমুখে অদিতির তৈরি সুগন্ধী প্রচার পেয়েছে, তাছাড়াও অদিতি নিজে সোশ্যাল মিডিয়ায় যথেষ্ট সক্রিয়। চেনা গণ্ডির বাইরে, রাজ্য ও দেশের বিভিন্ন প্রান্ত থেকে সুগন্ধী তৈরির অর্ডার পান। কুরিয়ারের মাধ্যমে মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, কর্নাটক, মেঘালয়, ওড়িশা, ত্রিপুরার ক্রেতাদের কাছে অদিতি পৌঁছে দেন তাঁর তৈরি পারফিউম। কলকাতা ও কলকাতার বাইরে বিভিন্ন প্রদর্শনীতেও যোগ দেন তিনি।

'এখন অনেকে আমার কাছ থেকে হোলসেলে পারফিউম কিনে নিজেদের দোকানে বা অনলাইনে বিক্রি করে উপার্জন করছেন,' জানালেন অদিতি।

অদিতির সঙ্গে যোগাযোগ করতে পারেন এই মোবাইল নম্বরে: ৯৮৭৫৩-৮১০৭৬।

## কোথায় প্রশিক্ষণ

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট সুগন্ধী তৈরির প্রশিক্ষণ দেয়। এই কোর্সে পারফিউম তৈরির পাশাপাশি শেখানো হয় মিঠা আতর, টয়লেট ফ্রেশনার, অগুরু এবং রুম ফ্রেশনার তৈরি। তিন মাসের মেয়াদে ১৫ থেকে ২০ দিন ক্লাস হয়। খরচ ৯,৮০০ টাকা। প্রগতি-তে এই কোর্সগুলিতে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়। হাতে-কলমে কাজ শেখার পর শিক্ষার্থী কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কীভাবে লাইসেন্স পাবেন এবং মার্কেটিং সম্পর্কে যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়। কোর্স শেষ হয়ে গেলেও যে-কোনও সময়, বিশেষ করে ব্যবসা করার সময় প্রাক্তন ছাত্রছাত্রীদের কোনও সমস্যা হলে সম্পূর্ণ বিনামূল্যে তাঁদের পরামর্শ দেওয়া হয়।

**যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন-২৬৭১-০২৯২, মোবাইল- ৯৪৩২৪-৯০৩২৯ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করবেন)।

# উচ্চ মাধ্যমিকের পর উইমেনস পলিটেকনিকে অফিস ম্যানেজমেন্ট কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতার যোধপুর পার্কে উইমেনস পলিটেকনিক কলেজে পলিটেকনিকের অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স, ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট পড়ানো হয়। এ আই সি টি ই অনুমোদিত এই ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন শুধুমাত্র মেয়েরা।

**কী পড়বেন:** ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সে অফিসের কাজ পরিচালনা-সংক্রান্ত যাবতীয় খুঁটিনাটি বিষয় শেখানো হয়। ৩ বছরের কোর্সটি ৬টি সেমিস্টারে বিভক্ত। পঠনপাঠনের অন্তর্ভুক্ত বিষয়গুলি হল: ফিনান্স, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স, অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার এবং স্টেনোগ্রাফি ও টাইপিং। ম্যানেজমেন্ট কোর্সে যা পড়ানো হয়, এই কোর্সটিতে তার প্রায় সবই রয়েছে। ফাইনাল ইয়ারে ছাত্রীদের ছ'সপ্তাহের জন্য বিভিন্ন সংস্থায় ট্রেনিং বা ইন্টার্নশিপ করতে পাঠানো হয়।

**কারা পড়বেন:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। ভর্তি হওয়ার জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

**অন্যান্য তথ্য:** আসন সংখ্যা ৩০টি। অ্যাপ্লিকেশন ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (কন্যাশ্রীতে নাম নথিভুক্ত থাকলে ২৫০ টাকা)। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.sctvesd.wb.gov.in এবং www.webscte.co.in

**কাজের সুযোগ:** ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সের পঠনপাঠনের পরিধিটি বহুমুখী বলেই চাকরি পাওয়ার সুযোগও বেশি।



কোর্স শেষে ক্যাম্পাসিংয়ের ব্যবস্থা করা হয়। তাছাড়া, কোর্সের শেষ ছ'সপ্তাহ হাসপাতাল, অফিস, এনজিও-সহ নানা সংস্থায় প্রশিক্ষার্থীদের ট্রেনিং বা ইন্টার্নশিপের জন্য পাঠানো হয়। ইন্টার্নশিপ শেষ হলে দেখা যায়, অনেকে সেই সংস্থাতেই চাকরি পেয়ে যান। প্রতিষ্ঠানের অধিকাংশ ছাত্রীই কোর্স শেষ করে চাকরি পেয়ে যান, কলকাতায় কিংবা অন্যান্য রাজ্যে। সরকারি দপ্তরে ডেটা এন্ট্রির জন্য কর্মীর চাহিদা থাকে। প্রতিষ্ঠানের ছাত্রীরা অনেকেই সে কাজ করছেন।

**যোগাযোগ:** কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে সরাসরি যোগাযোগ করতে পারেন উইমেনস পলিটেকনিক কলেজে, এই ঠিকানায়: ১/১/২ গড়িয়াহাট রোড (সাউথ), যোধপুর পার্ক, কলকাতা-৭০০ ০৬৮। ফোন: ৮৯১০৫-২৩৭০৬/৮৭৭৭৫-১০৩৩২।

# কগনিজ্যান্টে চাকরি

কলকাতায় বিভিন্ন পদে লোক নিচ্ছে তথ্যপ্রযুক্তি সংস্থা কগনিজ্যান্ট। এখন নিয়োগের প্রক্রিয়া চলছে পেজ ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল লিড, প্রোডাক্ট কনসালট্যান্ট, ল্যাব ভ্যালিডেশন অ্যানালিস্ট, প্রোডাক্ট কনসালট্যান্ট (টেকনিক্যাল)-সহ বিভিন্ন পদে। দেশ জুড়ে সংস্থার বিভিন্ন কার্যালয়ে শূন্যপদ সম্পর্কিত তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: https://careers.cognizant.com/india-en/ স্বল্প অভিজ্ঞতার ও অভিজ্ঞতা আবশ্যিক নয় এমন চাকরিরও হদিস পাবেন এই ওয়েবসাইটে।

প্রসঙ্গত, বিভিন্ন বিভাগে ফ্রেশার প্রার্থী নেওয়ার জন্য বিশেষ নিয়োগাভিযানের আয়োজন করে সংস্থা। তথ্যপ্রযুক্তি (টেকনিক্যাল), ইঞ্জিনিয়ারিং, বিপিও (ভয়েস ও নন-ভয়েস), কনটেন্ট রিভিউ, কনটেন্ট মডারেশন প্রভৃতি পদে ফ্রেশারদের নিয়োগ করা হয়ে থাকে। কগনিজ্যান্টে সম্পূর্ণতই ফ্রেশার নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'য় সে-খবর জানানো হবে।

আগ্রহীরা সংস্থার সঙ্গে যোগাযোগ রেখে চলতে চাইলে একটা অ্যাকাউন্ট খুলে নিতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.cognizant.com/india-en/talent-community/

# দেওঘর এইমসে ১০০ সিনিয়র রেসিডেন্ট

বিভিন্ন বিভাগে ১০০ জন সিনিয়র রেসিডেন্ট (নন-অ্যাকাডেমিক) নেবে ঝাড়খণ্ডের দেওঘরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। চুক্তির মেয়াদ আরও ২ বছর বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/DEO/ACAD.SEC./SR/1411.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৩০, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ১২। নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানেস্থিশিয়োলজি অ্যান্ড ক্রিটিকাল কেয়ার, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওলজি, কার্ডিয়োথোরাসিক অ্যান্ড ভাসকুলার সার্জারি, কমিউনিটি অ্যান্ড ফ্যামিলি মেডিসিন, ডেন্টাল সার্জারি, ডার্মাটোলজি অ্যান্ড ভেনেরিওলজি, এন্ডোক্রিনোলজি, ফরেন্সিক মেডিসিন, গ্যাসট্রোয়েন্টেরোলজি, গ্যাস্ট্রোইন্টেস্টিনাল সার্জারি, জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, মাইক্রোবায়োলজি, মেডিক্যাল অঙ্কোলজি, নেওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অপথ্যালমোলজি, অর্থোপেডিক্স, ওটোরাইনোল্যারিঙ্গোলজি (ই এন টি), পেডিয়াট্রিক্স, পেডিয়াট্রিক সার্জারি, প্যাথোলজি অ্যান্ড ল্যাব মেডিসিন, ফার্মাকোলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, ফিজিওলজি, সাইকিয়াট্রি, পালমোনারি মেডিসিন, রেডিয়ো ডায়াগনসিস, রেডিয়োথেরাপি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ইউরোলজি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি (এম এস বা এম ডি বা ডি এন বি বা এম ডি এস)। **বয়স:** ইন্টারভিউয়ের দিন ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

**শুরুতে বেতন:** ৬৭,৭০০ টাকা। সেই সঙ্গে নন-প্র্যাক্টিসিং অ্যালাওয়েন্স।

**দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে।** দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsdeoghar.edu.in পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে ৩,০০০ টাকার (ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'AIIMS Deoghar'-এর অনুকূলে AIIMS Deoghar (Account No. 41792595056 IFSC Code: SBIN0064014)-এ প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

ডিমান্ড ড্রাফট (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত ১৫ এপ্রিলের মধ্যে স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar Office, 4th Floor, AIIMS, Devipur (Academic Block), Deoghar- 814152 (Jharkhand). এ ছাড়া পূরণ করা দরখাস্ত এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে পিডিএফ ফর্ম্যাটে (৫ এমবি সাইজের মধ্যে) মেল করতে হবে এই আইডি-তে: sr.recruitment@aiimsdeoghar.edu.in

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইসরোয় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

**ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ৩টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ৮টি। **সিভিল ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ১টি। **কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা:** ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

**কমার্শিয়াল প্র্যাক্টিস:** ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** কমার্শিয়াল প্র্যাক্টিসে ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

**ট্রেড অ্যাপ্রেন্টিস: ইলেক্ট্রনিক্স:** ৬টি। **মেশিনিস্ট:** ১টি। **ফিটার:** ১টি। **ওয়েল্ডার:** ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৭,০০০ টাকা।

প্রার্থীকে অবশ্যই ২০২২, ২০২৩ অথবা ২০২৪ সালে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রাথমিক ভাবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউ নেওয়া হবে লখনৌ, বেঙ্গালুরু এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে। ইন্টারভিউ কেন্দ্র অনুযায়ী ইন্টারভিউয়ের তারিখ যথাক্রমে ১৪ ও ১৫ মে, ২০ ও ২১ মে এবং ২৯ ও ৩০ এপ্রিল । রিপোর্টিং টাইম সকাল ৯টা। অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in/ রেজিস্ট্রেশনের নথি সহ যাবতীয় শিক্ষাগত যোগ্যতার নথিপত্র পিডিএফ ফর্ম্যাটে স্ক্যান করে ২১ এপ্রিলের মধ্যে পাঠাতে হবে এই ইমেল আই ডিতে— সাদার্ন রিজিয়নের ক্ষেত্রে: apprnt_blr@istrac.gov.in, নর্দার্ন রিজিয়নের ক্ষেত্রে: apprnt_lko@istrac.gov.in, ইস্টার্ন রিজিয়নের ক্ষেত্রে: apprnt_ixz@istrac.gov.in খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.isro.gov.in

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## তোমার দক্ষতা বা স্কিল আছে কিনা, সেটাই এখন সবচেয়ে জরুরি বিষয়



সৌম্য মুখার্জি
*সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং ম্যানেজার,*
*অ্যাকসেঞ্চার (মার্কিন বহুজাতিক তথ্যপ্রযুক্তি সংস্থা)*
*প্রাক্তন সফটওয়্যার ইঞ্জিনিয়ার, টাটা কনসালটেন্সি সার্ভিসেস*

নতুন প্রযুক্তি সাধারণত দুই থেকে তিন বছর থাকে, তারপর আপডেট হতে হতে পরের ভার্সনে চলে যায়। যারা এই বদলের সঙ্গে চলতে জানে, তারাই ধারাবাহিক ভাবে উন্নতির পথে এগোতে পারবে। সব মিলিয়ে কাজের বাজার এখন বেশ চ্যালেঞ্জিং। কারণ সব ধরনের পেশাতেই প্রযুক্তির ব্যবহার বাড়ছে, নতুন পদ্ধতি তৈরি হচ্ছে।

### দক্ষতা আর জ্ঞান এগিয়ে রাখে

এখন নতুন নিয়োগের ক্ষেত্রে সবচেয়ে বেশি দেখি স্কিলের অভাব। যে-ধরনের শিক্ষার মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা যাচ্ছে সেগুলো বেশিরভাগই বাস্তবের উপযোগী নয়। তাই যারা পড়ছ বা সবে পাশ করেছ, চেষ্টা করো চাকরির প্রাথমিক প্রস্তুতির জন্য এক বছর আগে থেকে কোনও সংস্থায় ইন্টার্নশিপ করে নিতে।

মেটা, গুগল, মাইক্রোসফট-সহ অনেক সংস্থাই সার্টিফিকেশন কোর্স করাচ্ছে অল্প খরচে বা নিখরচায়। বেশ কিছু প্ল্যাটফর্ম আছে যেখানে কোনও সংস্থার উপর নির্ভর করতে হয় না, সেখানে নিজের প্রোজেক্ট তৈরি করতে পারো, নিজের পছন্দের পেশা নিয়ে কাজ করতে পারো। শেখো, পরীক্ষা দাও, দক্ষতা অর্জন করো— তাহলে বিশ্বের যে-কোনও জায়গায় কাজের সুযোগ তৈরি হবে।

তোমার দক্ষতা বা স্কিল আছে কিনা, সেটাই এখন সবচেয়ে জরুরি বিষয় -হয়ে দাঁড়িয়েছে বিশ্ব জুড়ে বিভিন্ন সংস্থার কাছে। তোমার যদি বিষয়গত জ্ঞান থাকে তাহলে ডিগ্রি সেভাবে দেখা হয় না, ফলে উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ বা সাধারণ স্নাতকরাও ভালো ভাবে কাজ করতে পারছে। আমাদের দেশেও এই জায়গা তৈরি হচ্ছে। যার জ্ঞানের গভীরতা বেশি, দক্ষতা বেশি, বাস্তব জ্ঞান বেশি,



তাকেই বেছে নেওয়া হবে। এটাই এখন নতুন ট্রেন্ড।

ডিগ্রির চাহিদা অবশ্যই আছে। তবে বাজারের প্রবণতা বদলাচ্ছে এবং খুব দ্রুত বদলাচ্ছে। আসলে শেষ কথা হল, তোমার জ্ঞান ও দক্ষতা— সেটা কীভাবে অর্জন করছ সেটা নয়। ফলে নিজে তৈরি হওয়ার সুযোগ বাড়ছে।

### পারস্পরিক সহযোগিতাই এগিয়ে দেবে

আমি যখন পাশ করে বেরলাম তখন অর্থনীতিতে মন্দা চলছে। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন নিয়ে ইঞ্জিনিয়ারিং পাশ করলাম, কিন্তু ক্যাম্পাসিং হল না। চাকরি পাওয়াটা জরুরি ছিল।

বন্ধুদের একটা ছোট গ্রুপ ছিল। নিজেরাই উদ্যোগ নিয়ে কোথায় কী প্রশিক্ষণ চলছে, ইন্টারভিউ হচ্ছে খুঁজে বের করতাম। যখন চাকরি পাচ্ছিলাম না তখনও নিজেদের তৈরি রাখতাম, যাতে যেদিন সুযোগটা আসবে সেদিন যেন হাতছাড়া না হয়। পেশাদার প্রশিক্ষণ নিতাম না, কারণ প্রচুর খরচ। নিজেরা পড়তাম, নিজেরাই নিজেদের মধ্যে মক টেস্ট করতাম, কোথাও আটকালে শিক্ষকদের থেকে জেনে নিতাম। আত্মবিশ্বাস, লড়াইয়ের মানসিকতা নিজেরাই নিজেদের মধ্যে তৈরি করেছিলাম। একে অপরকে সাহস দিতাম।

তখন ফাইভ জি এসেছে বাজারে। সেই সংক্রান্ত কোর্স করার পর সবাই বেশ কয়েকটি কাজের সুযোগ পাই। প্রথমে টেলিকম, তার পরে তথ্যপ্রযুক্তি সংস্থায় কাজে যোগ দিলাম। এরপর আর থামতে হয়নি।

জীবনে ওঠাপড়া সব সময়ই থাকে। হতাশায় না ডুবে নতুন কিছু শেখার চেষ্টা করেছি। হয়তো একটাই কাজ দিনের পর দিন করছি, কিন্তু তার পাশাপাশি নতুন কিছু শেখারও চেষ্টা করেছি। এখন তো কোনও কাজেই নিশ্চয়তা নেই। তাই নিজেকে তৈরি রাখা সব সময়, সব ক্ষেত্রেই জরুরি।

প্রত্যেক দিন পড়াশোনা করে যেতে হবে। আজ যা নিয়ে আছ, কাল সেটাই বাতিল বা পুরনো হয়ে যেতে পারে। তাই শিখে যেতে হবে। কাজের সূত্রে আমেরিকা, কানাডা, ইউরোপ, এশিয়ার বিভিন্ন জায়গায় বিভিন্ন সময় থাকতে হয়। আলাদা সংস্কৃতি, ভিন্ন ধারায় কাজ করতে গিয়ে প্রতিনিয়ত শিখছি এখনও। যা-ই পরিস্থিতি আসুক, মুখোমুখি হব— এই মনোভাবটা একবার তৈরি হয়ে গেলে কোথাও আটকে যেতে হবে না।

আর অবশ্যই চেষ্টা করবে পারস্পরিক সহযোগিতার সম্পর্কের মধ্যে থাকতে। সহপাঠী ও সহকর্মীদের সঙ্গে মিলিত লড়াই অনেকটাই জোর বাড়িয়ে দেয়। তাই সমাজ যে-পথেই চলুক না কেন, কখনও আত্মকেন্দ্রিক হোয়ো না। সহযোগিতার হাত বাড়িয়ে রাখো, তোমার দিকেও অনেক সাহায্যের হাত বাড়ানো থাকবে।

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)
https://smp.smportkolkata.in/smpk/en/ এর "Job openings" শীর্ষক দেখুন।
Syama Prasad Mookerjee Port, Kolkata SMPort Kolkata smpkolkata

RPY GLOBAL SCHOOL, KODERMA
(An English Medium, Co-educational School)
CBSE Curriculum - Proposed till Class - XII
RECRUITMENT
We Are Hiring
Positions Available : Nursery to Class 10 (All Subjects)
Pre-Primary In-Charge
Graduate with TTC/ NTT/ Montessori Training & Minimum 3 Years of experience in early childhood education.
Qualification as per CBSE norms :
Pre-Primary Teachers D.El.Ed./TTC/ NTT/ Montessori Trained
Primary & Middle School Teachers Graduate with B.Ed/ D.El.Ed.
Secondary Teachers Post Graduate/ Graduate with B.Ed in the relevant subject.
Physical Trainer Graduate with M.PEd /B.PEd. 1 Female & 1 Male
Preference will be given to candidates with Two (2) years experience in an Affiliated School. Freshers can also Apply.
Perks : Best Salary in the Industry, Accomodation & Incentives for outstation candidates
Address : CHARADIH, KODERMA Contact : 7970822747 | 8252924464
Send your CV to : principal.rpygsk@gmail.com
Join us to shape the future! www.rpyglobalschool.com



ENGINEER YOUR FUTURE.
AMRITA
M.TECH. 2025
ADMISSIONS OPEN
Eligibility
• Apply with your UG Scores
• Direct Admission for GATE-qualifiers
SPECIALIZATION DOMAINS
| AEROSPACE | ARTIFICIAL INTELLIGENCE
| CHEMICAL | CIVIL | COMPUTER SCIENCE
| CYBER SECURITY | ELECTRICAL & ELECTRONICS
| ELECTRONICS & COMMUNICATION | MECHANICAL
| NANOSCIENCE & MOLECULAR MEDICINE
Study in a Research Intensive University
Choose from 30+ Specializations
Dual-degree & 180+ Intl. Collaborations
Avail Stipend & Internship*
Programs for Working Professionals
Work on Funded Research Projects*
APPLY NOW
DOWNLOAD HAND BOOK
0476-2805555
amrita.edu/mtech
AMRITA VISHWA VIDYAPEETHAM
AMRITAPURI (KOLLAM) | BENGALURU | CHENNAI | COIMBATORE | FARIDABAD | KOCHI
nirf GOVT. OF INDIA 7TH RANKED UNIVERSITY IN INDIA
NAAC A++ ACCREDITED
CATEGORY 1 GRADED AUTONOMY UGC, GOVT. OF INDIA
No.1 IN INDIA THE IMPACT RANKINGS 2024

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১ মার্চ-১২ মার্চ

**১ মার্চ** তুরস্কে নিষিদ্ধ বামপন্থী সংগঠন কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি (পিকেকে) অস্ত্রবিরতি ঘোষণা করল। এই ঘোষণায় সশস্ত্র এই সংগঠন এবং তুরস্কের সামরিক বাহিনীর মধ্যে ৪০ বছর ধরে চলা সংঘাতের ইতি ঘটবে। পিকেকে-র কারাবন্দি নেতা আবদুল্লাহ ওকালান তাঁর সংগঠনের সদস্যদের অস্ত্র সমর্পণের আহ্বান জানান।

## চাঁদের মাটিতে নামল 'ব্লু গোস্ট'



২ মার্চ: উৎক্ষেপণের ৪৬ দিন পর ভারতীয় সময় দুপুর ২টো নাগাদ চাঁদের মাটিতে সফল অবতরণ করল 'ফায়ারফ্লাই অ্যারোস্পেস'-এর সওয়ারিবিহীন মহাকাশযান 'ব্লু গোস্ট'। চাঁদের মাটিতে নামা দ্বিতীয় বেসরকারি বাণিজ্যিক মহাকাশযান এটি। চাঁদের যেদিক সবসময় পৃথিবীর মুখোমুখি থাকে, সেখানেই নেমেছে ৬.৬ ফুট উচ্চতার মহাকাশযানটি। অভিযানের লক্ষ্য 'সি অব ক্রাইসিস' বা সঙ্কটের সাগর নামে চাঁদের যে বিরাট গহ্বর পৃথিবী থেকে দৃশ্যমান সেখানে নতুন কিছু আবিষ্কার করা। গত ১৫ জানুয়ারি ইলন মাস্কের সংস্থা স্পেস এক্সের উৎক্ষেপণ যানে চেপে রওনা হয়েছিল টেক্সাসভিত্তিক মহাকাশ সংস্থা 'ফায়ারফ্লাই'-এর ল্যান্ডার ব্লু গোস্ট। এই অভিযানে নাসা এবং বিভিন্ন বেসরকারি সংস্থাও যুক্ত রয়েছে।

পাশাপাশি সংগঠনটিকে বিলুপ্ত ঘোষণা এবং তুরস্ক সরকারের সঙ্গে তাদের দীর্ঘদিনের সংঘাতের ইতি টানারও আহ্বান জানিয়েছিলেন তিনি। তুরস্ক, আমেরিকা ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) পিকেকে-কে জঙ্গি সংগঠনের তকমা দিয়েছিল।

**হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্টের সঙ্গে চরম তর্কাতর্কির পর ভেস্তে যাওয়া বৈঠক নিয়ে এদিন সমাজমাধ্যমে মুখ খুললেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি।** তিনি জানিয়েছেন ট্রাম্পের সহযোগিতা তাঁদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। ট্রাম্প নিজের সমাজমাধ্যম প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে বলেছিলেন, 'জেলেনস্কি আদৌ শান্তির জন্য প্রস্তুত নন।' জবাবে জেলেনস্কি জানান, 'শান্তির খোঁজেই আমেরিকায় এসেছিলেন তিনি। উল্লেখ্য, দ্বিতীয় দফায় মার্কিন প্রেসিডেন্ট হওয়ার পর থেকে ইউক্রেনের সঙ্গে দূরত্ব বাড়াচ্ছিলেন ট্রাম্প। সামরিক সাহায্য কাটছাঁটের কথাও বলেন। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ফোনে কথা বলার পরে যুদ্ধ বন্ধেরও আহ্বান জানান।

**২ মার্চ** ভলোদিমির জেলেনস্কির সঙ্গে ডোনাল্ড ট্রাম্পের বৈঠক ব্যর্থ হওয়ার দায় পুরোপুরি জেলেনস্কির উপরেই চাপাল আমেরিকা। জানা গিয়েছে ওভাল অফিসে তাঁর আচরণ কেমন হওয়া উচিত তা নিয়ে ইউক্রেনের প্রেসিডেন্টকে আগেই সতর্ক করেছিলেন হোয়াইট হাউসের কর্তাব্যক্তিরা। জেলেনস্কিকে সেনেটরেরা পরামর্শ দিয়েছিলেন, বৈঠকে ট্রাম্পের প্রশংসা করতে। সমঝোতার মনোভাব নিয়ে জেলেনস্কি যেন আলোচনায় বসেন, সেকথাও বলে দিয়েছিলেন তাঁরা। তা সত্ত্বেও বৈঠকে একরোখা মেজাজেই দেখা গিয়েছে তাঁকে। এই পরিস্থিতিতে ব্রিটেন, ফ্রান্স-সহ ইউরোপের বাকি দেশগুলি ইউক্রেনের পাশে দাঁড়িয়েছে। রাশিয়া-ইউক্রেনের যুদ্ধে শান্তি ফেরাতে কূটনীতির উপর ভরসা রাখছে তারা।

দলের জাতীয় সমন্বয়কের পদ থেকে ভাইপো আকাশ আনন্দকে সরিয়ে দিলেন বহুজন সমাজপার্টি (বিএসপি) নেত্রী মায়াবতী। একবছরের মধ্যে দু-বার আকাশকে ওই পদ থেকে সরালেন তিনি। তাঁর জায়গায় জাতীয় আহ্বায়ক করা হয়েছে আকাশের বাবা আনন্দ কুমার এবং দলের প্রবীণ নেতা রামজী গৌতমকে। এদিন মায়াবতী জানান, উত্তরপ্রদেশের বহুজন সম্প্রদায়ের উন্নয়ন কেবল রাজ্যের অগ্রগতির জন্য নয়, সমগ্র দেশের অগ্রগতির জন্যই অপরিহার্য। তিনি এও জানান যতদিন তিনি বেঁচে আছেন, ততদিন তাঁর উত্তরসূরি কেউ নন।

**ঘরোয়া ক্রিকেটে দুরন্ত প্রদর্শন ধরে** রেখে রঞ্জি ট্রফি জিতল বিদর্ভ। এদিন কেরলের বিরুদ্ধে রঞ্জি ফাইনাল ম্যাচ ড্র হয়। কিন্তু প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে চ্যাম্পিয়ন ঘোষণা করা হয় বিদর্ভকে। প্রথম ইনিংসে কেরল তুলেছিল ৩৪২ রান। জবাবে বিদর্ভ করে ৩৭৯ রান। প্রথমবার ফাইনালে ওঠা কেরল দারুণ লড়াই করলেও গোটা মরসুম জুড়ে বিদর্ভের ধারাবাহিকতাই তাঁদের রঞ্জি জয় এনে দিল। এর আগে পর পর ২০১৭-'১৮ ও ২০১৮-'১৯ মরসুমেও সেরা হয়েছিল বিদর্ভ। এই নিয়ে তৃতীয়বার রঞ্জি ট্রফি জিতল তারা।



"মতপ্রকাশের স্বাধীনতা ছাড়া ভারতীয় সংবিধানের ২১ নম্বর ধারায় বর্ণিত মর্যাদাপূর্ণ জীবন কাটানো অসম্ভব। সুস্থ গণতন্ত্রে একটি মতের বিরুদ্ধে অবশ্যই অন্য মত প্রকাশ করা উচিত। যদি এক ব্যক্তির মত অন্য অনেক ব্যক্তির পছন্দ নাও হয় তাহলেও সেই ব্যক্তির ওই মতপ্রকাশের স্বাধীনতাকে সম্মান ও রক্ষা করতে হবে।"

সুপ্রিম কোর্ট

কংগ্রেসের রাজ্যসভা সাংসদ ইমরান প্রতাপগড়ীর বিরুদ্ধে সমাজ মাধ্যমে তাঁর একটি পোস্টের ভিত্তিতে গুজরাতে দায়ের হওয়া মামলা খারিজ করে

**৩ মার্চ** ট্রাম্প-জেলেনস্কি বৈঠক নিয়ে চলতে থাকা বিতর্কের মাঝেই ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি একটি ভিডিয়ো-বার্তায় বললেন, 'অবশ্যই আমরা জানি আমেরিকা কতটা গুরুত্বপূর্ণ। আমরা ওদের থেকে যে সাহায্য ও সমর্থন পেয়েছি, তার জন্য কৃতজ্ঞ'। উল্লেখ্য, ২৮ ফেব্রুয়ারি ওভাল অফিসের বৈঠক অসমাপ্ত রেখে বেরিয়ে চলে আসেন জেলেনস্কি। এরপরে লন্ডনে ব্রিটেন, ফ্রান্স, কানাডা, ইটালির রাষ্ট্রপ্রধানদের উদ্যোগে একটি নিরাপত্তা সম্মেলন হয়। কূটনীতিকদের অনুমান, এদিন যা বলেছেন জেলেনস্কি, তা লন্ডনের সম্মেলনের ফলাফল। ইউক্রেনকে কীভাবে সাহায্য করা যায় তা নিয়ে এই সম্মেলনে আলোচনা হয়। জেলেনস্কি বলেন, 'সত্যিকারের শান্তি ফিরিয়ে আনতে সকলে বদ্ধপরিকর।'

## পদ্মাকর শিভালকর প্রয়াত



৩ মার্চ: প্রাক্তন বাঁ-হাতি স্পিনার পদ্মাকর শিভালকর (৮৪) প্রয়াত হলেন। প্রথমশ্রেণির ১২৪টি ম্যাচে ৫৮৯ উইকেট পেলেও বিস্ময়ের ব্যাপার শিভালকর কখনও ডাক পাননি টেস্ট দলে। শিভালকরের প্রয়াণে গাভাসকার বলেন, 'অধিনায়ক হিসেবে আমার জীবনের বড় একটা আফসোস, নির্বাচকদের প্রভাবিত করে কখনও শিভালকরকে টেস্ট দলে জায়গা করে দিতে না পারা।' শিভালকরের রঞ্জি অভিষেক ২২ বছর বয়সে। খেলেছেন ৪৮ বছর পর্যন্ত। রঞ্জিতে রয়েছে ৩৬১ উইকেট। আট বছর আগে ভারতীয় বোর্ড তাঁকে সি কে নাইডু জীবনকৃতি সম্মানে সম্মানিত করে।

## ডলফিনের সংখ্যায় তৃতীয় রাজ্য



৩ মার্চ: সারাদেশে ডলফিনের সংখ্যা জানতে প্রথম সমীক্ষা রিপোর্ট প্রকাশিত হল। গুজরাতের গিরে জাতীয় বন্যপ্রাণী পর্ষদের বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সমীক্ষা রিপোর্ট প্রকাশ করেছেন। রিপোর্ট জানিয়েছে ভারতে ২৮টি নদীতে মোট ৬,৩২৭টি ডলফিন রয়েছে। আটটি রাজ্যে গঙ্গা, ব্রহ্মপুত্র ও সিন্ধু অববাহিকার ৮ হাজার কিলোমিটারের বেশি দীর্ঘ ২৮টি নদীতে সমীক্ষা করা হয়েছিল। জানা গিয়েছে, উত্তরপ্রদেশে ডলফিনের সংখ্যা সবথেকে বেশি, ২,৩৯৭টি। বিহারে ২,২০০টি ডলফিনের সন্ধান মিলেছে। এরপরেই পশ্চিমবঙ্গের স্থান। সেখানে আনুমানিক ৮১৫টি ডলফিন রয়েছে।

## অস্কার সম্মান ২০২৫



৩ মার্চ: এবছরের অ্যাকাডেমি অ্যাওয়ার্ডসে (অস্কার) মঞ্চ কার্যত দখল করল 'অ্যানোরা'। শন বেকার পরিচালিত এই রোমান্টিক কমেডি ছ'টি মনোনয়নের মধ্যে পাঁচটি বিভাগেই পুরস্কার জিতে নিল। সেরা ছবি, সেরা পরিচালক, সেরা অভিনেত্রী (মাইকি ম্যাডিসন), সম্পাদনা ও অরিজিনাল স্ক্রিনপ্লে বিভাগে পুরস্কার জিতে নিয়েছে এই ছবি। অস্কারে ভালো ফল রয়েছে 'দ্য ব্রুটালিস্ট'ও। 'দ্য পিয়ানিস্ট'-এর পরে দ্বিতীয়বার সেরা অভিনেতার অ্যাকাডেমি পেলেন অ্যাড্রিয়েন ব্রডি। 'দ্য ব্রুটালিস্ট'-এর জন্যই সেরা অরিজিন্যাল স্কোরের পুরস্কার উঠল ব্রিটিশ কম্পোজার তথা ভিসুয়াল আর্টিস্ট ড্যানিয়েল ব্লামবার্গের হাতে। মাত্র দু'টি পুরস্কার জিতেছে 'এমিলিয়া পেরেজ'। এই ছবির জন্য সেরা সহ-অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন জোয়ি সালডানহা। এছাড়া বেস্ট অরিজিন্যাল বিভাগেও পুরস্কার পেয়েছে ছবিটি।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মন্ত্রীর গাড়ির ধাক্কায় গুরুতর জখম ছাত্র



১ মার্চ: যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের বিক্ষোভ অবরোধ উপেক্ষা করে জোর করে গাড়ি নিয়ে বেরিয়ে যাওয়ার সময় মন্ত্রী ব্রাত্য বসুর গাড়ির ধাক্কায় গুরুতর আহত হলেন প্রথমবর্ষের ছাত্র ইন্দ্রানুজ রায়। তৃণমূল সমর্থিত অধ্যাপক ওমপ্রকাশ মিশ্রের গাড়ির চাকা আর এক ছাত্র অভিনব বসুর পায়ের উপর দিয়ে চলে গিয়েছে বলে অভিযোগ। এদিন তৃণমূলের কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ওয়েবকুপার বার্ষিক সাধারণ সভায় শিক্ষামন্ত্রীর যাওয়া উপলক্ষেই এসএফআই এবং কয়েকটি অতি-বাম ছাত্র সংগঠনের বিক্ষোভ শুরু হয়। কেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের ভোট হচ্ছে না, তা নিয়ে অন্তর্বর্তী উপাচার্যের সঙ্গে শিক্ষামন্ত্রীকে বৈঠকে বসতে হবে বলে দাবি করে এসএফআই। এই দাবি ঘিরেই অশান্তি তুঙ্গে ওঠে।

ভাইপো প্রকাশ আনন্দকে দল থেকে বহিষ্কারই করে দিলেন বিএসপি প্রধান মায়াবতী। এদিন তিনি জানিয়েছেন, আকাশকে কারণ দর্শানোর নোটিস দেওয়া হয়েছিল। কিন্তু আকাশ তার প্রেক্ষিতে যে উত্তর দিয়েছেন, তা 'স্বার্থপর ও অহঙ্কারপূর্ণ'। আগেরদিনই আকাশকে দলের জাতীয় সমন্বয়কের পদ থেকে সরিয়ে ছিলেন মায়াবতী। কয়েকদিন আগেই আকাশের শ্বশুর অশোক সিদ্ধার্থকেও দলবিরোধী কার্যকলাপের জন্য বহিষ্কার করে বিএসপি।

**৪ মার্চ** গাজায় হামাসের সঙ্গে প্রথম দফার সংঘর্ষ বিরতির সময়সীমা পার হওয়ার কিছুদিনের মধ্যেই ফের আকাশপথে হামলা চালানো শুরু করল ইজরায়েল। ইতিমধ্যে বিভিন্ন আশ্রয় শিবির থেকে সদ্যই নিজেদের ঘরে ফেরাও শুরু করেছিলেন গাজা ভূখণ্ডের বাসিন্দারা। শুরু হয়েছে রমজানের উপবাস। কিন্তু তার মধ্যেই গাজা ভূখণ্ডে যাবতীয় মানবিক ত্রাণ ঢোকাও বন্ধ করে দিয়েছে ইজরায়েল সরকার। এরই মধ্যে আকাশপথে হামলায় রাফায় দু'জন এবং খান ইউনিস এলাকায় দু'জন করে প্যালেস্টাইনি নাগরিকের মৃত্যু হয়েছে। এই পরিস্থিতিতে গাজা ভূখণ্ড পুনর্গঠনের উদ্দেশ্যে মিশরের রাজধানী কায়রোয় শুরু হয়েছে আরব দেশগুলির বৈঠক।

অন্যদিকে এই প্রথম, প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, প্রাক্তন বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেন এবং প্রাক্তন প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) আমেরিকারই একটি স্বেচ্ছাসেবী সংগঠন তদন্ত শুরুর আবেদন জানিয়েছে। তিনজনের বিরুদ্ধেই গাজায় গণহত্যা চালানোয় ইজরায়েলকে উস্কানি ও মদত দেওয়ার অভিযোগ তোলা হয়েছে।

**ইউক্রেনকে সামরিক সাহায্য দেওয়া বন্ধ** করার সিদ্ধান্ত নিল আমেরিকা। হোয়াইট হাউস সূত্রে বলা হয়েছে, ট্রাম্প জানিয়ে দিয়েছেন তিনি শান্তি ফেরাতে চান, সেইজন্যই সামরিক সাহায্য বন্ধ করার এই পদক্ষেপ। এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে রাশিয়া, তবে কড়া সমালোচনা করেছে ইউক্রেন। সেদেশের পার্লামেন্টের বিদেশ দফতরের কমিটির প্রধান ওলেকজেন্ডার মেরেঝকো দাবি করেছেন, রাশিয়ার কাছে যাতে ইউক্রেন আত্মসমর্পণ করে তাই আমেরিকার এই পরিকল্পনা। যদিও বিশেষজ্ঞদের দাবি, আমেরিকা চায় রাশিয়ার সঙ্গে যুদ্ধবিরতি চুক্তি নিয়ে বৈঠক করুক ইউক্রেন। সেইজন্যই সামরিক সাহায্য বন্ধ করে প্রকারান্তরে এই চাপ সৃষ্টি করা।

## অবসরের সিদ্ধান্ত নিলেন শরথ কমল



৫ মার্চ: ভারতের টেবিল টেনিস নক্ষত্র শরথ কমল নিজের অবসরের সিদ্ধান্তের কথা জানিয়ে দিলেন। চেন্নাইয়ে ২৫ মার্চ থেকে শুরু হতে চলা বিশ্ব টেবল টেনিস প্রতিযোগিতায় নিজের শহরেই শেষবারের মতো খেলবেন শরথ। দীর্ঘ দু-দশকের বর্ণময় কেরিয়ারের শেষ হবে এই প্রতিযোগিতার পরেই। দীর্ঘ কেরিয়ারে কমনওয়েলথ গেমসে ছ'টি সোনা এবং এশিয়ান গেমসে দু'বার ব্রোঞ্জ জিতেছেন শরথ। গতবছর প্যারিসে শেষবার অলিম্পিক্সে অংশগ্রহণ করেছিলেন। কিন্তু পাঁচবার অলিম্পিক্সের আসরে অংশ নিয়েও পদক না পাওয়ার আক্ষেপ থেকে গিয়েছে তাঁর। অবসর নিলেও অবশ্য টেবল টেনিসের সঙ্গে জড়িত থাকার কথা জানিয়েছেন শরথ।

**৫ মার্চ** পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন এবং সাংস্কৃতিক পর্ষদ নতুন করে সাজানোর সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। সাম্প্রতিক সরকারি নির্দেশিকা অনুযায়ী ওই পর্ষদের চেয়ারপার্সন হলেন দুলাল মুর্মু। ভাইস চেয়ারপার্সন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক। পর্ষদে বিধায়ক পরেশ মুর্মু-সহ ১৭ জন সদস্য রয়েছেন। আগে এই পর্ষদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অধীনেই ছিল। সহযোগী দায়িত্বে ছিলেন মন্ত্রী বিরবাহা হাঁসদা।

## অস্ট্রেলিয়াকে হারিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালে ভারত



৪ মার্চ: দুবাইয়ে চ্যাম্পিয়ন্স ট্রফির প্রথম সেমিফাইনালে অস্ট্রেলিয়াকে ৪ উইকেটে হারিয়ে ফাইনালে উঠল ভারত। এদিন প্রথমে ব্যাট করে অস্ট্রেলিয়া ৪৯.৩ ওভারে ২৬৪ রান তোলে। সেই রান তাড়া করে চার উইকেটে ম্যাচ জিতে নেয় ভারত। ৯৮ বলে ৮৪ রানের ম্যাচ জেতানো ইনিংস খেলেছেন বিরাট কোহলি। রোহিত শর্মা (২৯ বলে ২৮) এবং শুভমন গিল (১১ বলে ৮) শুরুতে রান না পেলেও বিরাট, শ্রেয়স আয়ার (৬২ বলে ৪৫) এবং কে এল রাহুল (৩৪ বলে ৪২) জয়ের ভিত গড়েন। ম্যাচের সেরা হন বিরাট কোহলি।

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

'ম্যান উইথ দ্য গোল্ডেন আর্ম' নামে খ্যাত অস্ট্রেলিয়াবাসী জেমস হ্যারিসন ওএএম (৮৮) প্রয়াত হলেন। সারা জীবনে ১,১৭৩ বার রক্তদান করেছিলেন তিনি। তাঁর রক্তে ছিল একটি বিরল অ্যান্টিবডি, যাকে বলা হয় অ্যান্টি-ডি। এটি সন্তান জন্মের সময়ে মায়ের শরীর থেকে শিশুর শরীরে মারণ অ্যান্টিবডি বাহিত হওয়া আটকায়। ১৯৫৪ সালে ১৮ বছর বয়সে প্রথমবার রক্তদান করেন হ্যারিসন। তারপর থেকে সারা জীবনে ১,১৭৩ বার। ২০১৮ সালে ৮১ বছর বয়সে তিনি রক্তদান করা থেকে অবসর নেন। তাঁর দান করা রক্ত গোটা বিশ্বে ২০ লক্ষেরও বেশি শিশুর প্রাণ বাঁচিয়েছে।

## সিরিয়ায় সংঘর্ষ, দু'দিনে মৃত হাজারেরও বেশি



৯ মার্চ: সিরিয়ায় নতুন করে ছড়িয়ে পড়া গৃহযুদ্ধে দু'দিনে প্রাণ হারালেন হাজারেরও বেশি মানুষ। প্রসঙ্গত, চোদ্দ বছর ধরে চলা গৃহযুদ্ধের অবসান ঘটেছিল মাত্র কয়েক মাস আগে। বিদ্রোহীদের কাছে পরাজিত হয়ে দেশ ছেড়ে পালিয়ে যান প্রেসিডেন্ট বাশার আল-আসাদ। দেশের শাসনভার তুলে নিয়েছিলেন বিদ্রোহীরা। কিন্তু সম্প্রতি ফের মাথাচাড়া দিয়েছে পুরনো ও নতুনের লড়াই। ব্রিটেনের একটি মানবাধিকার পর্যবেক্ষক দল জানিয়েছে, নিহতদের মধ্যে ৭৪৫ জনই সাধারণ মানুষ। বেশিরভাগ মানুষকেই খুব কাছ থেকে গুলি করে হত্যা করা হয়েছে। সিরিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট আহমেদ আল-শারা শান্তি ও সাম্প্রদায়িক সম্প্রীতির বার্তা দিয়েছিলেন। কিন্তু তাতে লাভ হয়নি।

**চ্যাম্পিয়ন্স ট্রফির দ্বিতীয় সেমিফাইনালে** দক্ষিণ আফ্রিকাকে ৫০ রানে হারিয়ে ফাইনালে উঠল নিউজিল্যান্ড। নিউজিল্যান্ড প্রথমে ব্যাট করে কেন উইলিয়ামসন-রাচিন রবীন্দ্রর জোড়া শতরানের দৌলতে ৫০ ওভারে ৬ উইকেটে ৩৬২ রান তোলে। রাচিন ১০১ বলে ১০৮ এবং উইলিয়ামসন ৯৪ বলে ১০২ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে দক্ষিণ আফ্রিকা ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৩১২ রান তুলতে সক্ষম হয়। রাচিন রবীন্দ্র ম্যাচের সেরা হন।

**৬ মার্চ** লন্ডনে খলিস্তানিদের বিক্ষোভের মুখে পড়লেন ব্রিটেন সফররত ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। অভিযোগ, এক খলিস্তানি সমর্থক তাঁর কনভয়ের সামনে ঝাঁপিয়ে পড়ে ছিঁড়ে ফেলে ভারতের পতাকা। বেশ কয়েকজন ভারত-বিরোধী স্লোগানও দেয়। বিদেশের মাটিতে মন্ত্রীর উপরে এই হামলার নিন্দা করেছে ভারত ও ব্রিটেন। ব্রিটেনের শার্জ দ্য' ফেয়ার ক্রিস্টিনা স্কটকেও ডেকে পাঠিয়েছে বিদেশ মন্ত্রক। ৪ মার্চ ৬ দিনের সফরে ব্রিটেন যান বিদেশ মন্ত্রী। তাঁর সফরের মূল উদ্দেশ্য— ব্রিটেন ও ভারতের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করা এবং ব্রিটেনের সঙ্গে ভারতের মুক্ত বাণিজ্য চুক্তি শেষ করার লক্ষ্যে আরও এক ধাপ এগনো।

**সুপ্রিম কোর্টের কলেজিয়াম কলকাতা** হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচীকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগের সুপারিশ করল। সবকিছু ঠিক থাকলে আলতামাস কবীরের পর আবার একজন বাঙালি বিচারপতি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হবেন। সেক্ষেত্রে ২০৩১ সালের মে মাসে তিনি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হবেন। প্রধান বিচারপতির পদ থেকে প্রয়াত আলতামাস কবীর ২০১৩ সালে অবসর নিয়েছিলেন। তার ১৮ বছর পরে আরও এক বাঙালি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হবেন। হাইকোর্টে তসলিমা নাসরিনের 'দ্বিখণ্ডিত' বইয়ের উপরে রাজ্য সরকারের নিষেধাজ্ঞার বিরুদ্ধে আইনজীবী হিসেবে জয়মাল্য বাগচীর সওয়াল তাঁকে প্রচারের আলোয় নিয়ে এসেছিল। কলকাতা হাইকোর্টের বিচারপতি হন ২০১১ সালে।

**অবসর ভেঙে ফের জাতীয় দলে ফেরার** সিদ্ধান্ত নিলেন সুনীল ছেত্রী। গতবছর জুনে যুবভারতীতে কুয়েতের বিরুদ্ধে ভারতের জার্সিতে শেষ ম্যাচ খেলেছেন প্রাক্তন ভারত অধিনায়ক। এই মাসেই মালদ্বীপের বিরুদ্ধে ফ্রেন্ডলি ম্যাচে এবং এএফসি এশিয়ান কাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচের জন্য যে ২৬ সদস্যের দল ঘোষণা করেছেন ভারতের কোচ মানালো মার্কেস, তাতে রয়েছেন সুনীল। উল্লেখ্য, গতবছর জুনে সুনীলের অবসরের পরে এ পর্যন্ত জয়ের মুখ দেখেনি ভারত। সুনীলকে ফেরাতে সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের তরফ থেকেও বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছিল।

## কানাডার নতুন প্রধানমন্ত্রী



১০ মার্চ: বিপুল ভোটে জয়লাভ করলেন কানাডার লিবারাল পার্টির সদস্য মার্ক কার্নে। জাস্টিন ট্রুডোর পরে তিনিই কানাডার নতুন প্রধানমন্ত্রী হচ্ছেন। প্রধানমন্ত্রী হওয়া নিশ্চিত হওয়ার পরই এই প্রাক্তন অর্থনীতিবিদ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্ক নীতি এবং কানাডাকে আমেরিকার সঙ্গে যুক্ত করা নিয়ে ঘোষণার তীব্র সমালোচনা করেছেন। এর পাশাপাশি ট্রুডোর আমলে কার্যত তলানিতে চলে যাওয়া ভারত-কানাডার সম্পর্ক পুনর্গঠন নিয়ে আশার কথা শুনিয়েছেন তিনি। এদিন কানাডাকে আমেরিকার ৫১তম প্রদেশ করা নিয়ে ট্রাম্পের কথা প্রসঙ্গে মার্ক বলেন, 'কানাডা কোনওদিন কোনওভাবেই আমেরিকার অংশ হবে না।'

**৭ মার্চ** বাংলাদেশে ক্রমশ খারাপ হওয়া আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করল নয়াদিল্লি। সেইসঙ্গে জানানো হল 'গুরুতর অপরাধে' শাস্তিপ্রাপ্ত জঙ্গি চরমপন্থীদের জেল থেকে মুক্তি দেওয়ার ঘটনায় পরিস্থিতির অবনতি হয়েছে। এক সাংবাদিক সম্মেলনে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, 'শান্তিপূর্ণ, স্থিতিশীল, সবাইকে সঙ্গে নিয়ে চলা এবং প্রগতিশীল বাংলাদেশের প্রতি আমাদের সমর্থন রয়েছে, যেখানে সমস্ত সঙ্কট গণতান্ত্রিক পথে মেটানো সম্ভব।' পাশাপাশি বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেছে সাউথ ব্লক।

**ডাবলিনের ট্রিনিটি কলেজ ৪৩৩ বছর** পরে তাদের একটি ভবনের নামকরণ এক নারীর নামে করল। আয়ারল্যান্ডের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়টি রানি প্রথম এলিজাবেথ প্রতিষ্ঠা করেছিলেন, তবুও এ পর্যন্ত এর সমস্ত ভবন পুরুষদের নামে নামকরণ করা হয়েছিল। বিশ্ববিদ্যালয়টি আনুষ্ঠানিক ভাবে তাদের একটি প্রধান গ্রন্থাগারের নামকরণ করেছে বিখ্যাত আইরিশ কবি ইভান বোল্যান্ডের নামে।

**জম্মু-কাশ্মীরের ইতিহাসে প্রথমবারের** মতো মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা অর্থমন্ত্রী হিসেবে তাঁর প্রথম বাজেটটি পেশ করলেন। নির্বাচনী প্রতিশ্রুতি মেনে একগুচ্ছ প্রকল্প রূপায়নের জন্য অর্থ বরাদ্দ করার পাশাপাশি উপ-রাজ্যপালের নিয়ন্ত্রণে থাকাকালীন যেসব উন্নয়ন প্রকল্প চালু হয়েছিল, সেগুলিও চালু রাখার কথা জানালেন বাজেটে। ২০০ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুৎ, সরকারি গণপরিবহনে মহিলাদের বিনামূল্যে যাতায়াতের সুযোগ-সহ একগুচ্ছ সুবিধার কথা এদিন ঘোষণা করেন ওমর। পাশাপাশি তিনি জানান, রক্তের সম্পর্ক রয়েছে এমন আত্মীয়দের কাছে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে উপত্যকাবাসীদের কোনওরকম শুল্ক লাগবে না। তবে রাজ্যের আর্থিক ও রাজনৈতিক সীমাবদ্ধতার কথাও এদিন মেনে নিয়েছেন মুখ্যমন্ত্রী।

## পাকিস্তানে ট্রেন ছিনতাই, মরণপণ অভিযান সেনার



১১ মার্চ: পাকিস্তানের কোয়েটা থেকে পেশোয়ার— ১,৬৩২ কিলোমিটার পথে নিত্যদিন চলা জাফর এক্সপ্রেস ছিনতাই করল সশস্ত্র বালোচ জঙ্গিবাহিনী 'বিএলএ' (বালোচ লিবারেশন আর্মি)। ট্রেন বালুচিস্তানের পেহরো কুনরি স্টেশন পার হওয়ার পরেই মুহুর্মুহু গুলি ও বোমা বিস্ফোরণের মধ্য দিয়ে ট্রেনের দখল নেয় জঙ্গিরা। ট্রেনের ২১৪ জন যাত্রীকে পণবন্দি করে তারা। বোলান পাসের ধাদার এলাকার মাশকাফ সুড়ঙ্গে ট্রেনটিকে আটকায় জঙ্গিরা। এরপর ২৪ ঘণ্টারও বেশি সময় ধরে চলা সেনা অভিযান শেষে পাক সেনাবাহিনী ট্রেনটিকে উদ্ধার করে। ১২ মার্চ সেনা সূত্রে বলা হয় ৩৩ জন জঙ্গি নিহত হয়েছে সংঘর্ষে। পণবন্দিরা মুক্ত হয়েছেন। তাঁদের উদ্ধারের কাজ শুরু হয়েছে। তবে ২১ জন পণবন্দিকে হত্যা করেছে জঙ্গিরা।

**৮ মার্চ** পাকিস্তান সরকার সেদেশে বসবাসকারী সব 'অবৈধ অভিবাসী' এবং 'আফগান সিটিজেন কার্ড' ধারীদের ৩১ মার্চের মধ্যে দেশ ছেড়ে যেতে নির্দেশ দিল। অন্যথায় তাঁদের নিজের দেশে ফেরত পাঠানো হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, 'বেআইনি বিদেশি নাগরিক প্রত্যাবর্তন কর্মসূচি'র অংশ এটি। তবে এটাও বলা হয়েছে, দেশে ফেরানোর প্রক্রিয়া সম্ভ্রম বজায় রেখে পরিচালনা করা হবে। কারও সঙ্গে অসম্মানজনক আচরণ করা হবে না। উল্লেখ্য, পাকিস্তানে আফগান অভিবাসীরাই সংখ্যায় সর্বোচ্চ। গত চার দশকে প্রায় ২৮ লক্ষ আফগান শরণার্থী এসেছেন পাকিস্তানে। যাদের চলে যেতে বলা হচ্ছে তাঁদের একটা বড় অংশ আমেরিকা এবং ইউরোপের কয়েকটি দেশে পুনর্বাসনের অপেক্ষায় রয়েছেন।

**ভারতীয় সেনার ব্যবহৃত টি-৭২** (অজেয়) ট্যাঙ্কের প্রযুক্তিগত বদল আনতে রাশিয়ার সঙ্গে চুক্তিতে সই করল প্রতিরক্ষা মন্ত্রক। ২ কোটি ৪৮ লক্ষ ডলারের ওই চুক্তি অনুযায়ী, ৭৮০ অশ্বক্ষমতা সম্পন্ন ইঞ্জিনের বদলে টি-৭২ ট্যাঙ্কে বসবে ১০০০ অশ্বক্ষমতা সম্পন্ন ইঞ্জিন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মেক ইন ইন্ডিয়া' কর্মসূচির অংশ হিসেবে রুশ সংস্থা রোসোবোরেনেক্সপোর্টের সঙ্গে যৌথ উদ্যোগে ওই ইঞ্জিন নির্মাণ হবে ভারতে। সহযোগী হিসেবে থাকবে রাষ্ট্রায়ত্ত সংস্থা 'আর্মার্ড ভেহিকেলস নিগম লিমিটেড'। চেন্নাইয়ের 'হেভি ভেহিকেলস ফ্যাক্টরি'তে নতুন ইঞ্জিন তৈরি হবে।

## একদিনের ক্রিকেট থেকে অবসর নিলেন স্টিভ স্মিথ




৫ মার্চ: চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালে ভারতের কাছে হারের পরেই একদিনের ক্রিকেট থেকে অবসর নিলেন অস্ট্রেলীয় তারকা ও প্রাক্তন অধিনায়ক স্টিভ স্মিথ। যদিও টেস্ট এবং টি-টোয়েন্টি চালিয়ে যাবেন বলে জানিয়েছেন তিনি। ২০১০ সালে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে অভিষেক হয় স্মিথের। ৩৫ বছর বয়সি তারকা ১৭০টি একদিনের ম্যাচে ৫,৮০০ রান করেছেন। গড় ৪৩.২৮। শতরান ১২টি। ৩৫টি অর্ধশতরান। ২০১৫ সালে অস্ট্রেলিয়ার একদিনের দলের অধিনায়ক হয়েছিলেন। একদিনের ক্রিকেট থেকে অবসর নেওয়া প্রসঙ্গে স্মিথ বলেছেন, '২০২৭ বিশ্বকাপের প্রস্তুতি এখন থেকেই শুরু হয়ে যাবে। তাই মনে হচ্ছে অন্যদের জন্য পথ তৈরি করে দেওয়ার এটাই সঠিক সময়।'

## নরেন্দ্র মোদীর মরিশাস সফরে আট চুক্তি সই



১২ মার্চ: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দু'দিনের মরিশাস সফর শেষে সমুদ্রপথে নিরাপত্তা এবং স্থানীয় মুদ্রায় বাণিজ্য-সহ আটটি চুক্তি সই করল ভারত ও মরিশাস। এদিন রাজধানী পোর্ট লুইতে জাতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোদী। সেদেশের প্রধানমন্ত্রী নবীনচন্দ্র রামগুলামের সঙ্গে বৈঠকের পর মোদী উন্নয়নশীল এবং পিছিয়ে থাকা দেশগুলির জন্য নতুন এক নীতি ঘোষণা করেছেন, যার নাম দেওয়া হয়েছে 'মহাসাগর'। ইংরেজি অক্ষর অনুযায়ী, যার পুরো নাম 'মিউচুয়াল অ্যান্ড হলিস্টিক অ্যাডভান্সমেন্ট ফর সিকিয়োরিটি অ্যান্ড গ্রোথ অ্যাক্রস রিজিয়নস'। কূটনৈতিক মহল একে ভারত মহাসাগরে চিনের আধিপত্যের পাল্টা হিসেবে দেখছে। যে আটটি চুক্তি এদিন সই হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য স্থানীয় মুদ্রায় বাণিজ্য ব্যবস্থার উপর মরিশাসের কেন্দ্রীয় ব্যাঙ্ক এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের মধ্যে সমঝোতাপত্র।

**৯ মার্চ** প্রাক্তন আইএএস এবং তৃণমূলের প্রাক্তন ও বিতর্কিত বিধায়ক দীপক ঘোষ (৮৭) প্রয়াত হলেন। আমলা হিসেবে জেলা ও রাজ্য প্রশাসনে নানা দায়িত্ব সামলানোর পরে তৎকালীন বিরোধী দল তৃণমূলে যোগ দিয়ে মহিষাদল থেকে বিধায়ক হন দীপক। পরে যাদবপুর বিধানসভা কেন্দ্রে তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের বিরুদ্ধে এবং মেদিনীপুর লোকসভা আসনে সিপিআইয়ের প্রবোধ পণ্ডার বিরুদ্ধে লড়ে হেরে যান। পরে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজনীতি ও জীবন নিয়ে দীপকের লেখা বই প্রবল বিতর্ক তৈরি করেছিল।

**১০ মার্চ** ভারতের পলাতক ক্রিকেট-কর্তা ললিত মোদীর পাসপোর্ট বাতিল করল ভানুয়াটু সরকার। সেদেশের সরকারের সিদ্ধান্তে সঙ্কটে পড়লেন ললিত। ভানুয়াটুর প্রধানমন্ত্রী জোথাম নাপাত জানান, ললিতের নাগরিকত্ব প্রদানের সময় সমস্ত তথ্য যাচাই ও ইন্টারপোল স্ক্রিনিং করা হলেও সম্প্রতি ওঠা অভিযোগের ভিত্তিতে পাসপোর্ট বাতিলের সিদ্ধান্ত দেওয়া হয়েছে। ভারতের বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন ললিতের বিরুদ্ধে তদন্ত অব্যাহত থাকবে।

**আমেরিকা থেকে আমদানি করা পণ্যে** শুল্ক কমানোর প্রতিশ্রুতি দেওয়া হয়নি বলে দাবি করল মোদী সরকার। এদিন বিদেশমন্ত্রকের সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে বাণিজ্যসচিব সুনীল বার্থওয়াল দাবি করেছেন, শুল্ক নিয়ে আমেরিকার সঙ্গে দর কষাকষি চলছে। ডোনাল্ড ট্রাম্প ভারতের বিরুদ্ধে চড়া শুল্ক বসানোর অভিযোগ তুলে পাল্টা শুল্ক বসানোর হুঁশিয়ারি দিলেও চূড়ান্ত নির্দেশিকা জারি হয়নি। বাণিজ্য চুক্তি নিয়ে কথাও চলছে দু-পক্ষের মধ্যে। আমেরিকা পাল্টা শুল্ক চাপালে কী প্রভাব পড়বে, তার উপরে ভারতের পাল্টা পদক্ষেপ নির্ভর করবে।

**বিশ্বের সবচেয়ে দূষিত ২০টি শহরের** মধ্যে ১৩টি রয়েছে ভারতেই। ২০২৪ সালের 'ওয়ার্ল্ড এয়ার কোয়ালিটি রিপোর্ট'-এ এমনই দাবি করা হয়েছে। রিপোর্টে প্রকাশিত তথ্য অনুযায়ী, বিশ্বের সবচেয়ে দূষিত দেশগুলির মধ্যে পঞ্চম স্থানে রয়েছে ভারত। দেশের মধ্যে সবচেয়ে দূষিত শহরের তকমা পেয়েছে অসম-মেঘালয় সীমান্তে থাকা বিরনিহাট। দ্বিতীয় স্থানে রয়েছে দিল্লি। তবে পশ্চিমবঙ্গের পক্ষে ভালো খবর হল প্রথম ২০-তে নেই কলকাতার নাম। প্রসঙ্গত, ১৩৮টি দেশের ৮,৯৫৪টি জায়গার বাতাসের গুণমান সূচকের উপরে ভিত্তি করে এই তথ্য প্রকাশ করেছে সংস্থাটি।

## আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি জিতল ভারত



৯ মার্চ: আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি জিতল ভারত। দুবাইয়ে নিউজিল্যান্ডকে চার উইকেটে হারিয়ে ট্রফি জয়ের পর বিশ্বকাপ হাতছাড়া হওয়ার বেদনায় কিছুটা হলেও প্রলেপ পড়ল। সেইসঙ্গে বিরাট কোহলি ও রোহিত শর্মার অবসর নিয়ে ওঠা গুঞ্জনেরও আপাতত অবসান ঘটল। ফাইনালে প্রথমে ব্যাট করে নিউজিল্যান্ড ৫০ ওভারে ৭ উইকেটে ২৫১ রান তোলে। ভারত ৬ উইকেট হারিয়ে ৪৯ ওভারেই ২৫৪ রান তুলে নেয়। রোহিত শর্মা ৮৩ বলে ৭৬ রান করে ম্যাচের সেরা হন। এবারের চ্যাম্পিয়ন্স ট্রফিতে দুবাইয়েই সব ম্যাচ খেলতে হয়েছে ভারতকে। দুবাইয়ের দর্শকদের অভিনন্দন জানিয়ে অধিনায়ক রোহিত শর্মা বলেন, 'দুবাই আমাদের ঘরের মাঠ নয়। কিন্তু সমর্থকদের জন্য এই মাঠই ঘরের মাঠ হয়ে উঠেছিল।' ম্যান অব দ্য সিরিজ-এর পুরস্কার পেয়েছেন নিউজিল্যান্ডের রাচিন রবীন্দ্র।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ভারতীয় রেলে ৩২৪৩৮ গ্রুপ ডি

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন বস্তু থেকে তাপ বিকিরণের হার সর্বোচ্চ হয় যদি তার তলটি হয়:
(a) সাদা (b) মসৃণ (c) মসৃণ কিন্তু কালো (d) অমসৃণ কিন্তু কালো
2. হিমোফিলিয়ার জন্য দায়ী জিনটি হল
(a) x লিঙ্কড প্রচ্ছন্ন (b) লিঙ্কড প্রকট (c) X লিঙ্কড (d) অটোজোমে অবস্থিত
3. নীচের কোন বিষাক্ত রাসায়নিক মৌলটি জাপানে মিনামাটা রোগের কারণ হয়েছিল?
(a) ইউরেনিয়াম (b) পারদ (c) ক্যাডমিয়াম (d) আর্সেনিক
4. একটি ব্রায়োফাইট/মস-এর দেহজ অংশটি যে গঠনকে উপস্থাপিত করে, তা হল:
(a) রেণুধর উদ্ভিদ (b) x লিঙ্গধর উদ্ভিদ (c) রেণুধর বা লিঙ্গধর উদ্ভিদ (d) রেণুধর এবং লিঙ্গধর কোনওটিই নয়
5. নীচের দিল্লি সুলতানদের মধ্যে কে দ্বিতীয় আলেকজান্ডার উপাধিতে ভূষিত হতে এবং বিশ্ববিজয় করতে চেয়েছিলেন?
(a) আলাউদ্দিন খিলজি (b) গিয়াসউদ্দিন বলবন (c) মহম্মদ বিন-তুঘলক (d) এঁদের কেউই নন
6. উৎসেচক একটি জীব রাসায়নিক বিক্রিয়াকে যেভাবে ত্বরান্বিত করে তা হল:
(a) বিক্রিয়ার অ্যাক্টিভেশন এনার্জিকে বৃদ্ধি করে (b) বিক্রিয়ার তাপমাত্রাকে হ্রাস করে (c) বিক্রিয়ার তাপমাত্রাকে বৃদ্ধি করে (d) বিক্রিয়ার অ্যাক্টিভেশন এনার্জিকে হ্রাস করে
7. হৃদপেশি ক্লান্ত (Fatigue) হয় না কারণ:
(a) কোষসমূহ ইন্টারক্যালেটেড চাকতি দ্বারা যুক্ত (b) বিপুল পরিমাণে মাইটোকন্ড্রিয়ার উপস্থিতি (c) অধিক পরিমাণ অ্যাকটিনের উপস্থিতি (d) অধিক পরিমাণে মায়োসিনের উপস্থিতি
8. বিশ্বজুড়ে যোগাযোগের জন্য নূন্যতম সংখ্যক কৃত্রিম উপগ্রহ প্রয়োজন:
(a) একটি (b) দুটি (c) তিনটি (d) চারটি
9. সালোকসংশ্লেষে আলোকদশা সম্পন্ন হয়:
(a) সাইটোসলে (b) ক্লোরোপ্লাস্টের গ্রানায় (c) ক্লোরোপ্লাস্টের স্ট্রোমায় (d) রাইবোজোমে
10. পশ্চিমবঙ্গের চিত্তরঞ্জন কোন শিল্পের জন্য বিখ্যাত?
(a) সার (b) লোকোমোটিভ (c) লোহা ও ইস্পাত (d) কোনওটিই নয়
11. হ্যাভারশিয়ান তন্ত্র যার অংশবিশেষ:
(a) বৃক্ক (b) অস্থি (c) হৃৎপিণ্ড (d) মস্তিষ্ক
12. নীচের কোনটি সবচেয়ে উপযুক্ত নিউক্লীয় জ্বালানি?
(a) ইউরেনিয়াম 238 (b) প্লুটোনিয়াম 239 (c) নেপচুনিয়াম 239 (d) বোরিয়াম 236
13. নীচের কোনটি ভৌত পরিবর্তন নয়?
(a) দুধ শুকিয়ে গুঁড়ো দুধ তৈরি হওয়া (b) আয়োডিনের উর্ধ্বপাতন (c) চায়ে চিনি মেশানো (d) মোমবাতির দহন
14. লাটুরের ভূমিকম্প হয়েছিল নিম্নোক্ত কারণে:
(a) অতিরিক্ত জলরাশির চাপে (b) প্রেটের সঞ্চালনে (c) জলাধারের নীচের চ্যুতির জন্য (d) ভঙ্গিল পর্বত সৃষ্টি থেকে
15. পালিটিন ক্রোমোজোম যে কোষে পাওয়া যায়:
(a) পতঙ্গ লার্ভার লালাগ্রন্থি থেকে (b) মানুষের যকৃৎ কোষ (c) পতঙ্গের স্নায়ু কোষ (d) কোনওটিই নয়
16. পাতায় ঢোকানো পত্ররন্ধ্রের উপস্থিতি যে চারিত্রিক বৈশিষ্ট্য দেখায়, তা:
(a) হাইড্রোফাইট (b) জেরোফাইট (c) হ্যালোফাইট (d) মেসোফাইট
17. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনাটিকে মেয়াদ পূর্তির এক বছর আগে স্থগিত করে দেওয়া হয়েছিল:
(a) তৃতীয় পরিকল্পনা (b) চতুর্থ পরিকল্পনা (c) পঞ্চম পরিকল্পনা (d) ষষ্ঠ পরিকল্পনা
18. ভারত-ইতিহাসের কোন যুগের লোক ছিলেন আর্যভট্ট ও বরাহমিহির (যথাক্রমে বিজ্ঞানী ও গণিতবিদ)?
(a) মৌর্য যুগ (b) গুপ্ত যুগ (c) পাল যুগ (d) দিল্লি সুলতানি
19. সুলতানি আমলে ইকতা বলতে বুঝাত:
(a) এক প্রকার অভিবাদন (b) একজন গুরুত্বপূর্ণ কর্মচারি (c) কোনও গ্রাম বা বিশেষ অঞ্চলের ভূমি রাজস্ব অনুদান (d) কোনওটিই নয়
20. মাটির তলায় জলের গভীরতা কত হলে টিউবওয়েল কাজ করবে না তা হল:
(a) 20 ফুট (b) 25 ফুট (c) 28 ফুট (d) 38 ফুট
21. 'DNA পর্যায়ক্রম' প্রক্রিয়া আবিষ্কার করেন:
(a) এইচ জি খোরানা (b) ওয়াটসন এবং ক্রিক (c) ফ্রেডরিক সেঙ্গার (d) এ এম সাউদার্ন
22. নীচে উল্লিখিত করগুলির কোনটি পরোক্ষ কর, যেটি কেন্দ্রীয় সরকার ধার্য করে?
(a) পরিষেবা কর (b) কোম্পানি আয়কর (c) বৃত্তি কর (d) কৃষি আয়কর
23. কোন বছর ইংরেজদের সঙ্গে রণজিৎ সিংহের অমৃতসরের সন্ধি স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1807 সালে (b) 1809 সালে (c) 1811 সালে (d) 1813 সালে
24. ফতেপুর সিক্রিতে ইবাদতখানা কী ছিল?
(a) বসবাসের জন্য সুরম্য অট্টালিকা (b) সকল ধর্ম সম্বন্ধে আলোচনার জন্য গৃহ (c) ভোজনালয় (d) কোনওটিই নয়
25. কোন বছর রেগুলেশন XVII বিধিবদ্ধ করে সতীদাহ নিষিদ্ধ ঘোষিত হয়েছিল?
(a) 1829 সালে (b) 1830 সালে (c) 1835 সালে (d) কোনওটিই নয়
26. হরপ্পা সভ্যতার লোকেরা কোন দেশের সঙ্গে বাণিজ্য করত?
(a) চিন (b) ইরান (c) রাশিয়া (d) সুমের
27. আলিগড়ের মুসলিম অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ স্থাপিত হয়েছিল?
(a) 1868 সালে (b) 1875 সালে (c) 1883 সালে (d) 1906 সালে
28. ভারতীয় দর্শনের প্রাচীনতম মতবাদী গোষ্ঠী (স্কুল) হল:
(a) যোগ (b) সাংখ্য (c) বৈশেষিক (d) কর্ম মীমাংসা
29. তড়িৎশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে:
(a) থার্মোস্ট্যাট (b) মোটর (c) ডায়নামো (d) রেক্টিফায়ার
30. 1992 সালে সংবিধানের 73তম সংশোধনীটি:
1. গ্রাম ও অন্যান্য স্তরে পঞ্চায়েত গঠনের বিষয়টিকে সাংবিধানিক বৈধতা দিয়েছে।
2. সংবিধানে শহরের স্বায়ত্বশাসিত সংস্থাগুলি সম্পর্কে একটি নতুন অংশ সংযোজিত করেছে।
3. নির্দিষ্ট করেছে যে রাজ্য নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে অনুষ্ঠিত নির্বাচনে সব পঞ্চায়েত সদস্যরা পাঁচ বছর মেয়াদে নির্বাচিত হবেন।
ওপরের বিবৃতিগুলির মধ্যে কোনটি/কোনগুলি সঠিক?
(a) 1 এবং 2 (b) 1 এবং 3 (c) 1 (d) 2
31. সমপর্যায়ভুক্ত ব্যক্তিদের নিয়ে গঠিত স্বনির্ভর সংস্থাগুলির সাহায্যে ক্ষুদ্রঋণ প্রকল্প পরিচালনার জন্য শীর্ষ সংস্থাটি কী?
(a) আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক (b) গ্রামীণ ব্যাঙ্ক (c) ভারতীয় স্টেট ব্যাঙ্ক (d) কৃষি ও গ্রামোন্নয়নের জন্য ন্যাশনাল ব্যাঙ্ক
32. নাদির শাহ ভারত আক্রমণ করেছিলেন:
(a) 1738 সালে (b) 1739 সালে (c) 1740 সালে (d) 1741 সালে
33. একটি সুতির কাপড়ের এক প্রান্ত একটি গ্লাসের জলে নিমজ্জিত থাকলে কাপড়টি ভিজে যায়। এর কারণ:
(a) মহাকর্ষ (b) সান্দ্রতা (c) স্থিতিস্থাপকতা (d) কৈশিক ক্রিয়া
34. মেগাস্থিনিস কে ছিলেন?
(a) সেলুকাসের দূত (b) চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী (c) গ্রিক পরিব্রাজক (d) চিনা ভ্রমণকারী
35. AIDS/HIV ভাইরাস এক প্রকারের:
(a) DNA ভাইরাস (b) RNA ভাইরাস (c) হয় DNA অথবা RNA ভাইরাস (d) উভয়প্রকার, DNA অথবা RNA ভাইরাস

এরপর নয়ের পাতায়

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*১৯ মার্চ ২০২৫ সংখ্যার পর*

76. 'আত্মীয় সভার' প্রতিষ্ঠাতা কে?
(a) প্রিন্স দ্বারকানাথ ঠাকুর (b) রাজা রামমোহন রায় (c) চিত্তরঞ্জন দাশ (d) মতিলাল নেহরু
77. অজন্তা গুহাচিত্রগুলি কোন সময়কার?
(a) পাল বংশ (b) মৌর্য বংশ (c) রাষ্ট্রকূট বংশ (d) গুপ্ত বংশ
78. কে 1905 সালে 'ঢাকা অনুশীলন সমিতি' স্থাপন করেছিলেন?
(a) ক্ষুদিরাম বসু (b) পুলিন বিহারী দাস (c) কেশবচন্দ্র সেন (d) বারীন্দ্র কুমার ঘোষ
79. 'ভারতের নেপোলিয়ন' কাকে বলা হত?
(a) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (b) প্রথম চন্দ্রগুপ্ত (c) স্কন্দগুপ্ত (d) সমুদ্রগুপ্ত
80. বাংলায় প্রথম মুদ্রণখানা কোথায় স্থাপিত হয়েছিল?
(a) হুগলি (b) কলকাতা (c) বারাসাত (d) বাঁকুড়া
81. একমাত্র মহিলা সম্রাজ্ঞী যিনি দিল্লির সিংহাসনে আসীন হয়েছিলেন, তাঁর নাম:
(a) জাহানারা (b) নূর জাহান (c) মমতাজ মহল (d) রাজিয়া সুলতানা
82. কে 'শের-এ পাঞ্জাব' নামে পরিচিত ছিলেন?
(a) ভগত সিং (b) লালা লাজপত রায় (c) জয় প্রকাশ নারায়ণ (d) রাম মনোহর লোহিয়া
83. 'তোমরা আমায় রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেবো'— স্লোগানটি কার?
(a) বালগঙ্গাধর তিলক (b) নেতাজি সুভাষচন্দ্র বসু (c) রাসবিহারী বোস (d) জওহরলাল নেহরু
84. বুদ্ধ কোন ভাষায় তাঁর ধর্ম প্রচার করতেন?
(a) উর্দু (b) পালি (c) প্রাকৃত (d) তুর্কি
85. তহকিক-ই-হিন্দ গ্রন্থের রচয়িতা কে?
(a) আবুল ফজল (b) আমির খসরু (c) আলবিরুনী (d) কবির
86. মধ্যযুগে ভারতবর্ষে কোন সম্রাট যুদ্ধে প্রথম কামান ব্যবহার করেন?
(a) জাহাঙ্গির (b) আকবর (c) ঔরঙ্গজেব (d) বাবর
87. পলাশি যুদ্ধের সময় বাংলার নবাব কে ছিলেন?
(a) চেঙ্গিজ খাঁ (b) মিরজাফর (c) সিরাজ উদদ্দৌলা (d) মিরজুমলা
88. মারাঠাদের মধ্যে সর্বাধিক শক্তিশালী রাজা ছিলেন:
(a) বালাজি বাবিরাও (b) ছত্রপতি শাহজি (c) শিবাজি (d) বালাজি বিশ্বনাথ
89. ভক্তি আন্দোলনের অগ্রদূত কে ছিলেন?
(a) নামদেব (b) নরহরি (c) কবির (d) রামানুজ
90. পল্লবদের রাজধানী কোথায় ছিল?
(a) কাঞ্চিপুরম (b) বাদামি (c) বাতাসি (d) মহাবলীপুরম
91. বুদ্ধচরিত্রের রচয়িতা কে?
(a) কালিদাস (b) কবির (c) অশ্বঘোষ (d) আর্যভট্ট
92. পুরাণের সংখ্যা ক'টি?
(a) 12টি (b) 18টি (c) 10টি (d) 16টি
93. জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড ঘটেছিল:
(a) 28 জুলাই, 1914 (b) 24 জুলাই, 1935 (c) 16 অক্টোবর, 1905 (d) 13 এপ্রিল, 1919
94. বীরবলের আসল নাম কী ছিল?

এরপর নয়ের পাতায়

# রাজ্য পুলিশে ১০২৫৫ কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. জার্মপ্লাজম তত্ত্বের প্রবক্তা কে?
(a) ভাইসম্যান (b) জগদীশ চন্দ্র বসু (c) গোল্ডস্মিথ (d) হুগো দ্য ভ্রিস
2. তাপ্তী কোন পর্বত থেকে উৎপন্ন হয়েছে?
(a) পশ্চিমঘাট (b) অজন্তা (c) মহাদেব (d) সাতপুরা
3. 'সূর্যসিদ্ধান্ত' গ্রন্থের লেখক কে?
(a) শূদ্রক (b) ভারবি (c) কালিদাস (d) বরাহমিহির
4. ভারত প্যারা অলিম্পিক গেমসে কতগুলি মেডেল জয়লাভ করেছে?
(a) 28টি (b) 29টি (c) 22টি (d) 19টি
5. ভারত কৃষি জেলা কর্মসূচি কোন পরিকল্পনার সময়কালে গৃহীত হয়েছিল?
(a) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (b) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (c) পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (d) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা
6. সাতবাহন সাম্রাজ্য কোথায় গড়ে উঠেছিল?
(a) কলিঙ্গ (b) কোঙ্কন অঞ্চল (c) মহারাষ্ট্র (d) অন্ধ্রপ্রদেশ
7. সম্প্রতি কে, ন্যাসকমের চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হয়েছেন?
(a) হিমা কোহলি (b) সিন্ধু গঙ্গাধর (c) মল্লিকা নাড্ডা (d) ডি কে মুরলি
8. ভারতীয় সংবিধানের 23-24 ধারায় কোন মৌলিক অধিকারটি বর্ণিত হয়েছে?
(a) স্বাধীনতার অধিকার (b) শোষণের বিরুদ্ধে অধিকার (c) সাম্যের অধিকার (d) কোনওটিই নয়
9. সম্প্রতি প্রকাশিত 'QS World Future Skill Index 2025'-এ ভারত কততম স্থানে রয়েছে?
(a) 30তম (b) 28তম (c) 22তম (d) 25তম
10. ব্যাঙ্ক অফ বরোদা সম্প্রতি যে এফ ডি স্কিম চালু করেছে, তার নাম কী?
(a) bob Fd (b) bob World Financial FD (c) bob Liquid FD (d) bob Customer FD
11. রাষ্ট্রপতি কার সঙ্গে পরামর্শ করে হাই কোর্টের বিচারপতিদের স্থানান্তরিত করতে পারেন?
(a) রাজ্যপাল (b) পার্লামেন্ট (c) প্রধানমন্ত্রী (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি
12. 'ভারতের আত্মা' গ্রন্থটির রচয়িতা কে?
(a) বিপিনচন্দ্র পাল (b) উমেশচন্দ্র ব্যানার্জি (c) সতীশচন্দ্র সামন্ত (d) ঋষি অরবিন্দ ঘোষ
13. কত সালে ভারতীয় নাগরিকত্ব আইন পাশ হয়?
(a) 1957 (b) 1958 (c) 1955 (d) 1952
14. প্রোটিন জাতীয় খাদ্য সম্পূর্ণরূপে পাচিত হয়ে সবশেষে কোন উপাদান সৃষ্টি করে?
(a) নাইট্রোজেন (b) ফ্যাটি অ্যাসিড (c) গ্লুকোজ (d) অ্যামাইনো অ্যাসিড
15. নীচের কোনটি পাললিক শিলা নয়?
(a) ডলোরাইট (b) ডলোমাইট (c) কংগ্লোমারেট (d) কয়লা
16. প্রকৃতিতে মুক্ত অবস্থায় প্রাপ্ত সালফারকে কী বলা হয়?
(a) সিনাবার (b) ব্রিক স্টোন (c) গন্ধক (d) জিপসাম
17. 'ইন্ডিয়ান ইন্ডিপেনডেন্স লিগ' কে গঠন করেন?
(a) মানবেন্দ্রনাথ রায় (b) বিঠলভাই প্যাটেল (c) মৌলানা আবুল কালাম আজাদ (d) রাসবিহারী বসু
18. কোন শ্বেত রক্তকণিকা থেকে হিস্টামিন ক্ষরিত হয়?
(a) ইওসিনোফিল (b) লিম্ফোসাইট (c) মনোসাইট (d) কোনওটিই নয়
19. সম্প্রতি কে অ্যাটমিক এনার্জি কমিশনের চেয়ারম্যান হিসেবে পুনর্নিযুক্ত হয়েছেন?
(a) পঙ্কজ মিশ্র (b) অজিত কুমার মোহান্তি (c) টি ভি সোমনাথন (d) মনোজ গোভিল
20. সম্প্রতি কোন ভারতীয় ক্রীড়াবিদ পুনা ইন্ডিয়ার 'বিপনন দূত' হিসেবে নিযুক্ত হলেন?
(a) পি ভি সিন্ধু (b) প্রোনাভাম্নি ব্যারিকা (c) শচীন তেন্ডুলকর (d) এম এস ধোনি
21. 'Economic History of India' বইটি কার লেখা?
(a) রাজা গোপালাচারী (b) রমেশচন্দ্র দত্ত (c) রজনীপাম দত্ত (d) দাদাভাই নওরোজি
22. তেভাগা আন্দোলন কত সালে হয়েছিল?
(a) 1943 (b) 1945 (c) 1921 (d) 1946
23. ভারতীয় সংবিধানের কোন ধারায় বলা হয়েছে প্রতিটি রাজ্য সরকার ও স্থানীয় কর্তৃপক্ষ এমন ব্যবস্থা গ্রহণ করবে যাতে সংখ্যালঘু শিশুরা প্রাথমিক স্তরে মাতৃভাষায় শিক্ষা পেতে পারেন?
(a) 355-(A) ধারা (b) 360 ধারা (c) 350-(A) ধারা (d) 347 ধারা
24. সম্প্রতি কোন দল 'স্প্যানিশ সুপার কাপ ফুটবল' প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়েছে?
(a) অ্যাথলেটিকো মাদ্রিদ (b) ওসাসুনা (c) রিয়েল মাদ্রিদ (d) এফ সি বার্সেলোনা
25. ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি কার দ্বারা রচিত হয়েছিল?
(a) ডক্টর রাজেন্দ্র প্রসাদ (b) পণ্ডিত জওহরলাল নেহরু (c) ডক্টর বি আর আম্বেদকর (d) মহাত্মা গান্ধী
26. Choose the most appropriate preposition
I was astonished ____ the sad news.
(a) to (b) with (c) in (d) at
27. Choose the correct preposition that best completes the meaning of the verb phrase suitable for the sentence:
She always reminds me of her mother since she takes ___ her mother.
(a) at (b) off (c) after (d) to
28. Choose the word which best expresses the meaning of the given word:
Audacious
(a) Venture (b) Manifest (c) Obvious (d) Daring

### উত্তর

1(a), 2(c), 3(d), 4(b), 5(a), 6(d), 7(b), 8(b), 9(d), 10(c), 11(d), 12(a), 13(c), 14(d), 15(a), 16(c), 17(d), 18(a), 19(b), 20(a), 21(b), 22(d), 23(c), 24(d), 25(b), 26(d), 27(c), 28(d).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সুপর্ণা মণ্ডল

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আগের পাতার পর*

(a) মহেশ দাস (b) শ্যাম দাস (c) ভগবান দাস (d) রাম দাস

95. 1761 সালের পানিপথের তৃতীয় যুদ্ধের সময় পেশোয়া কে ছিলেন?
(a) দ্বিতীয় বাজিরাও (b) মাধবরাও (c) প্রথম বাজিরাও (d) বালাজি বাজিরাও

96. কোন শিলালিপিতে অশোকের নাম করা হয়েছে ব্যক্তিগতভাবে তাঁর উপাধি 'দেবনামপ্রিয়া' দিয়ে নয়?
(a) মহাস্থান (b) তক্ষশীলা (c) বাহাপুর (d) মাস্কি

97. বিচারক কিংসফোর্ডের উপর হামলায় ক্ষুদিরাম বোসের সাহায্যকারী ছিলেন:
(a) মতি ঘোষ (b) রাসবিহারী বোস (c) বিনয় কুমার বোস (d) প্রফুল্ল চাকি

98. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড নীচের কোনটির জন্য হয়েছিল?
(a) ভার্নাকুলার প্রেস অ্যাক্ট (b) অস্ত্র আইন (c) রাউলাট অ্যাক্ট (d) জন নিরাপত্তা আইন

99. নীচের ব্যক্তিবর্গের মধ্যে কে গুপ্তযুগে ঔষধ-সংক্রান্ত বিদ্যার জন্য পরিচিত ছিলেন?
(a) শুশ্রুত (b) চরক (c) নাগার্জুন (d) শৌনক

100. নীচের কোন ব্যক্তি 'দীন-ই-ইলাহী'র সদস্য ছিলেন?
(a) টোডরমল (b) রাজা মানসিং (c) রাজা বীরবল (d) তানসেন

101. পৃথিবীর শুষ্কতম মরুভূমি হল:
(a) গোবি (b) থর (c) আটাকামা (d) সাহারা

102. জলদাপাড়া অভয়ারণ্যটি অবস্থিত:
(a) মধ্যপ্রদেশ (b) পশ্চিমবঙ্গ (c) আসাম (d) তামিলনাড়ু

103. মাতালিয়া জলবিদ্যুৎ প্রকল্পটি কোন নদীর উপর অবস্থিত?
(a) মহারাষ্ট্রের কয়না নদী (b) গুজরাটের তাপ্তি নদী (c) উত্তর প্রদেশের বেতোয়া নদী (d) ওড়িশার মহানদী

104. কালো সুতির মাটির অন্য প্রচলিত নাম হল:
(a) ভাঙর (b) রেগুর (c) ভাবর (d) খাদার

105. নীম্নলিখিত সৌরজগতের কোন গ্রহ পূর্ব থেকে পশ্চিম দিকে ঘোরে?
(a) ইউরেনাস (b) মঙ্গল (c) বৃহস্পতি (d) শনি

106. দামোদর নদ-এর উৎপত্তি হয়েছে:
(a) পর্বঘাট থেকে (b) রাজমহল মালভূমি থেকে (c) ছোটনাগপুর মালভূমি থেকে (d) হিমালয় থেকে

107. ভারতের সর্ববৃহৎ বাঁধ সর্দার সরোবর বাঁধ যে নদীর উপর তা হল:
(a) কংসাবতী (b) নর্মদা (c) মহানন্দা (d) শতদ্রু

108. ভারতের কোন রাজ্যকে 'চিনির বাটি' বলা হয়?
(a) অন্ধ্রপ্রদেশ (b) মহারাষ্ট্র (c) উত্তরপ্রদেশ (d) তামিলনাড়ু

109. মধ্যপ্রদেশের অমরকণ্টক থেকে কোন নদীর উৎপত্তি হয়েছে?
(a) তুঙ্গাভদ্রা (b) নর্মদা (c) মাহী (d) তাপ্তী

110. ভারতবর্ষের মাঝখান দিয়ে যে অক্ষাংশ গেছে তা হল:
(a) সুমেরুবৃত্ত (b) কর্কটক্রান্তি রেখা (c) মকরক্রান্তি রেখা (d) নিরক্ষরেখা

111. পশ্চিমবঙ্গের নিম্নলিখিত নদীর সঙ্গে জেলাগুলির সঠিক সম্পর্ক স্থাপন করুন:

| | |
|---|---|
| i. কংসাবতী | A. মুর্শিদাবাদ |
| ii. তিস্তা | B. কোচবিহার |
| iii. গঙ্গা | C. পশ্চিম মেদিনীপুর |
| iv. তোর্সা | D. জলপাইগুড়ি |

(a) i-D, ii-B, iii-C, iv-A (b) i-C, ii-D, iii-A, iv-B (c) i-B, ii-D, iii-C, iv-A (d) i-A, ii-C, iii-D, iv-B

112. নর্মদা নদী উপর কোন বাঁধটি নির্মাণ করা হয়েছে?
(a) আখিয়া বাঁধ (b) হিরাকুদ বাঁধ (c) সর্দার সরোবর বাঁধ (d) তেহরি বাঁধ

113. কোন ধরনের মাটিতে অতিরিক্ত গরমের সময় গভীর ফাটল সৃষ্টি হয়?
(a) হলুদ মৃত্তিকা (b) ল্যাটেরাইট মৃত্তিকা (c) আলুভিয়াল মৃত্তিকা (d) কৃষ্ণ মৃত্তিকা

114. নীচের কোন গ্রামটিতে ভূমিক্ষয়কে অনেকটাই রোধ করা গিয়েছে?
(a) ভাজ্যারদারা (b) মাজুলি (c) কাটারমাল (d) সুখোমাজরি

115. মঙ্গল গ্রহের বায়ুমণ্ডলে মূলত কোন গ্যাস বেশি পাওয়া যায়?
(a) অ্যামোনিয়া (b) কার্বন-ডাই-অক্সাইড (c) অক্সিজেন (d) হাইড্রোজেন

116. নীচের নদীগুলির মধ্যে কোন নদীটি কৃষ্ণা নদীর উপনদী নয়?
(a) ভেমা (b) বেতওয়া (c) ভিমা (d) কয়না

117. জোজি লা পাস কোন পর্বত শ্রেণিতে দেখা যায়?
(a) জাসকর পর্বতশ্রেণী (b) লাদাখ পর্বতশ্রেণি (c) পূর্ব কারাকোরাম পর্বতশ্রেণি (d) যৌলধর পর্বতশ্রেণি

118. বায়ুমণ্ডলে উপস্থিত সালফার অক্সাইড বৃষ্টির সঙ্গে ভূপৃষ্ঠে পতিত হয়ে কী ঘটায়?
(a) জীবাশ্ম জ্বালানির পরিমাণ হ্রাস করে (b) হ্রদের জলে ইউট্রোফিকেশন ঘটায় (c) মাটিতে pH-এর মাত্রা কমিয়ে দেয় (d) কারখানার ধোঁয়াকে জমাট বাঁধতে সাহায্য করে

119. সব থেকে ছোট মহাসাগর হল:
(a) আটলান্টিক মহাসাগর (b) প্রশান্ত মহাসাগর (c) ভারত মহাসাগর (d) উত্তর মহাসাগর

120. কোন দেশ প্রথম মহাকাশে 'স্পুটনিক' নামের একটি কৃত্রিম উপগ্রহ প্রেরণ করেছিল?
(a) ইউনাইটেড স্টেট অফ আমেরিকা (b) সোভিয়েত ইউনিয়ন (c) জাপান (d) ইংল্যান্ড

121. পশ্চিম রাজস্থানের মাটিতে সর্বাধিক পরিমাণে রয়েছে:
(a) অ্যালুমিনিয়াম (b) ক্যালসিয়াম (c) নাইট্রোজেন (d) ফসফরাস

122. রবার চাষ কোথায় দেখা যায়?
(a) উষ্ণ বনাঞ্চলে (b) পার্বত্য অঞ্চলে (c) মেরু অঞ্চলে (d) ক্রান্তীয় অঞ্চলে

123. লোহা নিষ্কাষিত হয় কোথা থেকে?
(a) চিন্নাবার (b) হেমাটাইট (c) বক্সাইট (d) ডলোমাইট

124. সমুদ্রে ঢেউ সংঘটিত হয় ——— এর কারণে।
(a) সূর্যের প্রভাবে (b) চন্দ্রের প্রভাবে (c) সূর্য এবং চন্দ্রের যৌথ প্রভাবে (d) পৃথিবী ও সূর্যের মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে

125. তুন্দ্রা হল:
(a) ডেসিডুয়াস ফরেস্টস (b) ট্রপিক্যাল রেন ফরেস্টস (c) কোল্ড ডেজার্টস্ ফরেস্ট (d) হট ডেজার্টস্ ফরেস্ট

126. 'Unity and Integrity of the Nation' বা 'জাতির ঐক্য ও সংহতি' শব্দগুলি ভারতীয় সংবিধানের কোথায় যুক্ত হয়েছে?
(a) প্রস্তাবনা (b) রাষ্ট্রের নির্দেশমূলক নীতি (c) জরুরি অবস্থার (d) মৌলিক কর্তব্য

127. কোন মামলায় সুপ্রিম কোর্ট রায় দেয় যে, 'প্রস্তাবনা (Preamble) হল ভারতীয় সংবিধানের একটি অংশ?
(a) মিনার্ভা মিলস মামলা (b) কেশবানন্দ ভারতী মামলা (c) মানেকা গান্ধী মামলা (d) বেরুবাড়ি মামলা

128. ভারতীয় সংবিধানের 5-8 ধারায় কোন বিষয়টি ব্যাখ্যা করা হয়েছে?
(a) মৌলিক অধিকার (b) নাগরিকত্ব (c) মৌলিক কর্তব্য (d) রাজ্যের সীমানা পরিবর্তন

129. ভারতীয় নাগরিকতা আইন (Indian Citizenship Act) কত সালে পাশ হয়?
(a) 1950 (b) 1955 (c) 1967 (d) 1952

130. কতগুলি রাষ্ট্রের প্রবাসী ভারতীয়দের ভারত সরকার দ্বৈত নাগরিকত্ব প্রদান করবে বলে প্রাথমিক পর্বে জানিয়েছে?
(a) 10টি (b) 16টি (c) 20টি (d) 25টি

131. ভারতীয় সংবিধানের 22 নম্বর ধারাটি কাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়?
(a) মিত্রভাবাপন্ন বিদেশি (b) শত্রুভাবাপন্ন বিদেশি (c) মিত্র ও শত্রুভাবাপন্ন বিদেশি (d) ভারতীয় নাগরিক

132. বর্তমানে সম্পত্তির অধিকারটি (Right of Property) ভারতীয় সংবিধানের কোন অংশে (Part) যুক্ত হয়েছে?
(a) Part- III (b) Part-IV (c) Part-X (d) Part-XII

133. বর্তমান কোন মৌলিক অধিকারটি রাষ্ট্রকর্তৃক বিঘ্নিত বা খর্বিত হলে, নাগরিকগণ আদালতের সাহায্য নিতে পারে না?
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) ধর্মীয় স্বাধীনতার অধিকার (d) সম্পত্তির অধিকার

134. নীচের কোন অধিকারটি রক্ষার দায়িত্ব রাষ্ট্রের পাশাপাশি ব্যক্তি বিশেষের উপর বর্তায়?
(a) 17 ধারা (b) 24 ধারা (c) 18 ধারা (d) সবগুলিই

135. ভারতীয় সংবিধানের কোন ধারায় বলা হয়েছে যে, তফশিলভুক্ত জাতি ও উপজাতিদের জন্য সরকারি চাকরি সংরক্ষিত থাকবে?
(a) 16 ধারা (b) 16 (4) ধারা (c) 14 ধারা (d) 19 ধারা

136. ভারতীয় সংবিধানে নীচের কোন স্বাধীনতার উল্লেখ নেই?
(a) বাক স্বাধীনতা (b) মতামত প্রকাশের স্বাধীনতা (c) সংবাদপত্রের স্বাধীনতা (d) সংগঠন করার স্বাধীনতা

137. নিবর্তনমূলক আটক আইনে ভারত সরকার কোনও অপরাধীকে প্রাথমিকভাবে কতদিন আটক রাখতে পারে?
(a) একমাস (b) দু'মাস (c) তিনমাস (d) ছয়মাস

138. ভারতীয় সংবিধানের কোন ধারানুসারে সংখ্যালঘু শ্রেণী তাদের নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান নিজেরাই স্থাপন ও রক্ষণাবেক্ষণ করতে পারবে?
(a) 25 ধারা (b) 28 ধারা (c) 29 ধারা (d) 30 ধারা

139. ভারতীয় সংবিধানের প্রস্তাবনার লক্ষ্য ও নীতিগুলি সংবিধানের কোন অংশে প্রতিফলিত হয়েছে?
(a) রাষ্ট্রের নির্দেশমূলক নীতি (b) মৌলিক অধিকার (c) মৌলিক কর্তব্য (d) কোনওটিই নয়

140. রাষ্ট্রপতি কোন বিলে তার সম্মতি বা স্বাক্ষর প্রদান করতে বাধ্য থাকেন?
(a) অর্থ বিল (b) সংবিধান সংশোধনী বিল (c) অর্থ বিল ও সংবিধান সংশোধনী বিল (d) সাধারণ বিল

141. নীচের কোনটি একটি আইনগত অধিকার (A legal right) হিসাবে গণ্য হয়?
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) ধর্মীয় স্বাধীনতার অধিকার (d) সম্পত্তির অধিকার

142. নীচের কোনটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কাজ নয়?
(a) কারেন্সি নোট জারি করা (b) মুদ্রানীতি প্রণয়ন (c) ভারতের সমস্ত ব্যাঙ্কের উপর নিয়ন্ত্রণ রাখা (d) রপ্তানিকারকদের অর্থ ঋণ দেওয়া

143. প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা (PMSBY)-এর অধীনে অ্যাক্সিডেন্টাল মৃত্যুর জন্য উপলব্ধ বীমা কভারের পরিমাণ কত?
(a) 4 লক্ষ (b) 3 লক্ষ (c) 2 লক্ষ (d) 1 লক্ষ

144. কোন অর্থনীতিবিদের অবদানের পর সামষ্টিক অর্থনীতির একটি নতুন শাখার অস্তিত্ব আসে?
(a) জন কেনেথ গালব্রেথ (b) জন মেনার্ড কেইনসের (c) জোসেফ ই স্টিগ্লিজ (d) এর কোনওটিই নয়

145. ভারসাম্য মূল্যে:
(a) চাহিদার পরিমাণ সরবরাহকৃত পরিমাণের সমান (b) চাহিদার পরিমাণ সরবরাহকৃত পরিমাণের চেয়ে বেশি (c) চাহিদার স্থিতিস্থাপকতা সরবরাহের স্থিতিস্থাপকতার সমান (d) চাহিদার মূল্য স্থিতিস্থাপকতা হল একতা

146. ভারতে মুদ্রাস্ফীতি নীচের কোন সূচক বা সূচকের উপর পরিমাপ করা হয়?
(a) জীবনযাত্রার খরচ (CLI) (b) ভোক্তা মূল্য সূচক (CPI) (c) মোট দেশজ পণ্য (GDP) (d) পাইকারি মূল্য সূচক (WPI)

147. ব্যাঙ্ক রেট মানে:
(a) মহাজন কর্তৃক সুদের হার (b) তফসিলি ব্যাঙ্কগুলি দ্বারা সুদের হার (c) ব্যাঙ্কিং প্রতিষ্ঠানের মুনাফার হার (d) কেন্দ্রীয় ব্যাঙ্ক কর্তৃক ধার্যকৃত সরকারি সুদের হার

148. ভারতীয় টাকার বিনিময় হারের ক্ষেত্রে নীচের কোনটি সত্য নয়?
(a) প্রধানত, এর দাম মার্কিন ডলারের পরিপ্রেক্ষিতে (b) এটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নির্ধারিত হয় (c) এটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা প্রকাশিত (d) এটি বাজার বাহিনী দ্বারা নির্ধারিত হয়

149. অর্থনৈতিক সমীক্ষা 2022 FY23-এর জন্য GDP বৃদ্ধি ——— তে অনুমান করেছে।
(a) 8– 8.5% (b) 9 – 9.2% (c) 7.1 – 7.3% (d) 3.9 – 4.2%

150. অর্থনৈতিক সমীক্ষা 2022-এর কেন্দ্রীয় থিম কী ছিল?
(a) এজাইল এপ্রোচ (b) COVID-19 ওয়রিয়র (c) রুরাল ডেভেলপমেন্ট (d) হেলথ কেয়ার ওয়ার্কার

এরপর দশের পাতায়

## ভারতীয় রেলে ৩২৪৩৮ গ্রুপ ডি

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আগের পাতার পর*

36. শ্বসনে, যে গুরুত্বপূর্ণ ভূমিকা সাইটোসল পালন করে তা হল:
(a) অক্সিডেটিভ ফসফোরাইলেশন-এ (b) পাইরুভিক অ্যাসিডের অক্সিডেটিভ-ডি-কার্বক্সিলেশন-এ (c) ক্রেবস চক্রে (d) গ্লাইকোলাইসিসে

37. কোন তলটি তাপের উত্তম শোষক?
(a) সাদা অমসৃণ তল (b) কালো অমসৃণ তল (c) সাদা মসৃণ তল (d) কালো মসৃণ তল

38. গ্লিসারলে নিমজ্জিত একটি স্বচ্ছ কাচখণ্ড পৃথকভাবে দৃশ্যমান হয় না কারণ গ্লিসারলের প্রতিসরাঙ্ক কাচের প্রতিসরাঙ্কের তুলনায়:
(a) বেশি (b) কম (c) প্রায় সমান (d) এটি প্রতিসরাঙ্কের উপর নির্ভর করে না

39. বজ্রপাত আঘাতে আহিত একটি পরিবাহিকে ভূসংলগ্ন করা হলে:
(a) পরিবাহী থেকে ভূপৃষ্ঠে ইলেক্ট্রন প্রবাহিত হবে (b) পরিবাহী থেকে ভূপৃষ্ঠে প্রোটন প্রবাহিত হবে (c) ভূপৃষ্ঠ থেকে পরিবাহীতে ইলেক্ট্রন প্রবাহিত হবে (d) ভূপৃষ্ঠ থেকে পরিবাহীতে প্রোটন প্রবাহিত হবে

40. সোনার ঘনত্ব রুপোর তুলনায় অস্বাভাবিক বেশি— কারণ:
(a) রুপোর তুলনায় সোনার ভর সংখ্যা বেশি (b) রুপোর তুলনায় সোনার পারমাণবিক সংখ্যা বেশি (c) উচ্চ প্রতিবন্ধক ইলেক্ট্রনের (Sereenig effect) প্রভাব (d) ল্যান্থানাইড সংকোচন

41. সিটিবিটি শব্দটি যুক্ত:
(a) পরমাণু অস্ত্রের সঙ্গে (b) কেন্দ্রীয় কর ব্যবস্থার সঙ্গে (c) আন্তর্জাতিক সন্ত্রাসবাদের সঙ্গে (d) কোনওটিই নয়

42. 1906 সালে সিমলায় মুসলিম প্রতিনিধিদলের কে নেতৃত্ব দিয়েছিলেন?
(a) সলিমুল্লাহ (b) আগাখান (c) মহম্মদ আলি (d) সৌকৎ আলি

43. ভারতীয় ঔপনিবেশিক ইতিহাসে কোন ঘটনাটি ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ বলিয়া গণ্য করা হয়?
(a) চৌরিচৌরা কৃষক অভ্যুত্থান (b) 1946 সালের নৌ-বিদ্রোহ (c) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (d) সিপাহি বিদ্রোহ (1857 সাল)

44. একটি 100 ml জলীয় দ্রবণে কতটা পরিমাণ একটা দ্বিক্ষারীয় অ্যাসিড (আণবিক ওজন 200) যোগ করা হলে দ্রবণটির মাত্রা 0.1(N) হয়?
(a) 2 gm (b) 1 gm (c) 10 gm (d) 20 gm

45. নীচের কোন যৌগটি থার্মোপ্লাস্টিক?
(a) রবার (b) নাইলন 6-6 (c) PVC (d) বেকেলাইট

46. একটি পরীক্ষায় অঙ্কে 35%, ইংরেজিতে 15% ফেল করে। যদি দু'টি বিষয়ে 10% ফেল করে পাশের শতকরা হার কত হবে?
(a) 40% (b) 50% (c) 60% (d) 70%

47. পচা মাছের জন্য মাছ বিক্রেতা 10% ক্ষতিতে মাছ বিক্রি করে। মাছের ক্রয়মূল্য 250 টাকা হলে বিক্রয়মূল্য কত?
(a) 150 (b) 155 (c) 225 (d) 252

48. বাস ও ট্রেন ভাড়ার অনুপাত 4 : 5। বাসের ভাড়া 10% এবং ট্রেনের ভাড়া 20% বর্ধিত হলে, বাস ও ট্রেন ভাড়ার নতুন অনুপাত কত হবে?
(a) 11 : 15 (b) 15 : 11 (c) 16 : 25 (d) 25 : 16

49. লটারিতে এক ব্যক্তি 60000 টাকা পেয়েছেন। সরকার ট্যাক্স বাবদ 35% কেটে নিলে, ব্যক্তিটি পাবেন:
(a) 27000 (b) 32000 (c) 39000 (d) 43000

50. A-এর 40%-এর মান ও B-এর 60%-এর মান এক হলে A : B কত হবে?
(a) 4 : 2 (b) 2 : 4 (c) 3 : 2 (d) 2 : 3

51. $17^{200}$-কে 18 দ্বারা ভাগ করলে ভাগশেষ কত থাকবে?
(a) 1 (b) 16 (c) 5 (d) 9

52. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 5 : 4 হলে, এদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(a) 25 : 11 (b) 11 : 25 (c) 25 : 16 (d) 16 : 25

53. কোন ক্ষুদ্রতম সংখ্যার সঙ্গে 1500 যোগ করলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 18 (b) 21 (c) 25 (d) 32

54. একটি বস্তু 30 টাকায় বিক্রয় করলে 25% লাভ হয়, যদি বস্তুটিকে 33.60 টাকায় বিক্রয় করা হয়, কত লাভ হয়?
(a) 18% (b) 25% (c) 28% (d) 40%

55. $\frac{8.1\times0.25}{1.5\times4}$ -এর মান কত?
(a) 5 (b) 7 (c) 8 (d) 10

56. যদি $\sqrt{6}\times\sqrt{15}=x\sqrt{10}$ হয় তবে x-এর মান কত?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

57. তপন রোজ 9 ঘণ্টা কাজ করে। যদি সে ঘণ্টায় 5 টাকা রোজগার করে এবং 2 সপ্তাহব্যাপী কাজ করে, তবে সে কত রোজগার করবে?
(a) 200 (b) 550 (c) 630 (d) 700

58. 20 জন ছাত্রের এক শ্রেণীতে অঙ্কে ছাত্রদের মোট নম্বর ছিল 1000। ছাত্রদের অঙ্কে গড় নম্বর কত?
(a) 50 (b) 55 (c) 62 (d) 65

59. একটি কেরোসিন বিক্রির রেশন দোকানে 6 দিনের কেরোসিন বিক্রির পরিমাণ লিটারের হিসাব হল 75, 120, 12, 50, 70.5, 140.5। দৈনিক গড় বিক্রি কত?
(a) 58 (b) 69 (c) 78 (d) 82

60. A এবং B-এর বর্তমান বয়সের অনুপাত 5 : 6। 7 বছর পর এই অনুপাতটি 6 : 7-এ দাঁড়ায়। A -এর বর্তমান বয়স কত?
(a) 22 বছর (b) 29 বছর (c) 35 বছর (d) 40 বছর

61. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 6 : 5, যদি জমিটির প্রস্থ দৈর্ঘ্যের থেকে 34 মিটার কম হয়, তবে আয়তাকার জমিটির পরিসীমা কত?
(a) 748 m (b) 711m (c) 689 m (d) 525 m

62. উপর্যুপরি 10% এবং 20% ছাড় মোটের ওপর কত শতাংশ ছাড়?
(a) 19% (b) 25% (c) 28% (d) 30%

63. যদি কোনও একটি আমানতের 2 বছরের 5% হারে চক্রবৃদ্ধি ও সরল সুদের অন্তর 122 টাকা হয়, তবে আমানতের পরিমাণ কত?
(a) 32800 (b) 48800 (c) 50000 (d) 62000

এরপর দশের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

151. ব্রিটিশদের বিরুদ্ধে 'উলগুলান' উপজাতি বিদ্রোহ সংগঠিত হয়েছিল কার মাধ্যমে?
(a) কর্যামাল্য (b) রানাডে (c) বিরসামুন্ডা (d) কোন্দাডোরা
152. কাকে 'ঐতিহ্যবাহী আধুনিকতাবাদী' বলা হয়?
(a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (b) স্বামী বিবেকানন্দ (c) রামমোহন রায় (d) বি জি তিলক
153. ভারতের কোন ইংরেজ গভর্নর জেনারেলকে হত্যা করে আন্দামান দ্বীপের এক কয়েদি?
(a) ক্লাইভ (b) রিপন (c) মেয়ো (d) নর্থব্রুক
154. ভারতে রাজকীয় নৌবাহিনীর বিদ্রোহ কবে হয়েছিল?
(a) 1944 সালের ডিসেম্বর (b) 1945 সালের ফেব্রুয়ারি (c) 1946 সালের ফেব্রুয়ারি (d) 1946 সালের আগস্ট
155. কোন আইনে খ্রিস্টীয় মিশনারিরা ভারতে প্রবেশের ছাড়পত্র পায়?
(a) 1793-র চার্টার আইন (b) 1813-র চার্টার আইন (c) 1833-র চার্টার আইন (d) 1784-র পীটের ভারত আইন
156. 1940-এ মুসলিম লিগের কোন অধিবেশনে মুসলমানদের পৃথক জাতি পরিচয় গৃহীত হয়?
(a) করাচি (b) সিন্ধু (c) লাহোর (d) পাটনা
157. কবে সর্বভারতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস গঠিত হয়?
(a) 1918 (b) 1920 (c) 1921 (d) 1924
158. 1938 সালে কার সভাপতিত্বে কংগ্রেস তার প্রথম জাতীয় প্ল্যানিং কমিটি গঠন করে?
(a) জওহরলাল নেহরু (b) সুভাষ চন্দ্র বসু (c) জয়প্রকাশ নারায়ণ (d) বল্লভভাই প্যাটেল
159. কার প্রতিবেদনে যুক্তরাষ্ট্রের ধারণা প্রথম প্রস্তাবিত হয়?
(a) রাজাগোপালাচারি (b) শরৎ বসু (c) মতিলাল নেহরু (d) শ্যামাপ্রসাদ মুখার্জি
160. কোন বছর জাতীয় কংগ্রেস পূর্ণস্বরাজ এর প্রস্তাব গ্রহণ করে?
(a) 1928 (b) 1929 (c) 1930 (d) 1931
161. কে বলেছিলেন 'আজ বাংলা যা ভাবে কাল ভারত তা ভাবে'?
(a) মৌলানা আবুল কালাম আজাদ (b) মতিলাল নেহরু (c) জি কে গোখলে (d) উপরের কেউই নন
162. 'এইটটিন ফিফটিসেভেন' বইটির রচয়িতা কে?
(a) সুরেন্দ্রনাথ সেন (b) আর সি মজুমদার (c) সৈয়দ আহমদ খান (d) আর সি ভাণ্ডারকার
163. দাদাভাই নৌওরোজির উদ্যোগে সম্পদ নির্গমন তত্ত্বকে বিস্তারিত করেছিলেন কে?
(a) মহাদেব গোবিন্দ রানাডে (b) বালগঙ্গাধর তিলক (c) গোপাল কৃষ্ণ গোখলে (d) ফিরোজ শাহ মেহতা
164. নীচের কোন সংবাদপত্রটি মহারাষ্ট্র থেকে প্রকাশিত?
(a) ক্রান্তি (b) আত্মশক্তি (c) সারথি (d) সন্ধ্যা
165. বিখ্যাত ছবি 'ভারত মাতা' কে এঁকেছিলেন?
(a) গগনেন্দ্রনাথ ঠাকুর (b) অবনীন্দ্রনাথ ঠাকুর (c) নন্দলাল বসু (d) যামিনী রায়
166. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন কোথায় হয়?
(a) কলকাতা (b) বম্বে (c) মাদ্রাজ (d) পুনে
167. কাকে 'গদর পার্টি' মারতে চেয়েছিল?
(a) কিংসফোর্ড (b) হার্ডিঞ্জ (c) টেগার্ট (d) নর্থব্রুক
168. 1942-এ কোথায় স্বরাজ পঞ্চায়েত তৈরি হয়?
(a) তমলুক (b) কাঁথি (c) কটক (d) পুরী
169. কে সুভাষ বোসের 'আজাদ হিন্দ ফৌজের' সদস্য ছিলেন না?
(a) পি কে সহিগল (b) শাহনাওয়াজ খান (c) ক্যাপ্টেন মোহন সিং (d) সি এস ধীলন
170. কত সালে মহাত্মা গান্ধী অসহযোগ অন্দোলন শুরু করেন?
(a) 1916 (b) 1920 (c) 1923 (d) 1926
171. কে 'নীলদর্পণ' অনুবাদ করেছিলেন?
(a) রেভঃ জেমস লং (b) উইলিয়াম কেরি (c) সতীশ চন্দ্র মুখার্জি (d) মাইকেল মধুসূদন দত্ত
172. কে লিখেছিলেন 'ইন্ডিয়া উইন্স ফ্রিডম'?
(a) জওহরলাল নেহরু (b) মৌলানা আবুল কালাম আজাদ (c) সর্দার প্যাটেল (d) এম এ জিন্না
173. 'প্রার্থনা সমাজ' প্রতিষ্ঠা করেন কে?
(a) এম জি রানাডে (b) আত্মারাম পাড়ুরাঙ (c) রামমোহন রায় (d) কেশব সেন
174. ভারতের শেষ গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড ক্যানিং (c) আবুল কালাম আজাদ (d) চক্রবর্তী রাজাগোপালাচারী
175. ভারতের মধ্যে দেশীয় রাজ্যগুলির সংযুক্তির ক্ষেত্রে কোন ভারতীয় নেতার একটি মুখ্য অবদান ছিল?
(a) আচার্য কৃপালিনী (b) গোবিন্দ বল্লভ পন্থ (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) হরেকৃষ্ণ মেহতার
176. একটি মিনারের উচ্চতা 50 মিটার। এটির বিপরীত দিকের জমির স্তরের দু'টি বিন্দু থেকে এর যথাক্রমে 30° এবং 60° ডিগ্রি উন্নতি কোণ আছে। দু'টি বিন্দুর মধ্যে দূরত্ব গণনা করুন:
(a) 110.97 মিটার (b) 107.56 মিটার (c) 115.47 মিটার (d) 120.93 মিটার
177. একটি অ্যাসাইনমেন্ট জমা দিতে বিলম্বের কারণে সুহানির নম্বর 10 শতাংশ কমেছে এবং সে 135 নম্বর পেয়েছে। জমা দিতে বিলম্ব না হলে অ্যাসাইনমেন্টে তার নম্বর কত হতে পারে?
(a) 145 (b) 155 (c) 150 (d) 140
178. একটি কলেজে দুই অধ্যাপক A এবং B-এর গড় বয়স 48 বছর। A, B এবং তাদের বন্ধু C-এর গড় বয়স 62 বছর। C-এর বয়স কত?
(a) 90 বছর (b) 92 বছর (c) 94 বছর (d) 95 বছর
179. একটি নিরেট গোলকের পৃষ্ঠতল রং করতে 2 লিটার রং প্রয়োজন হয়। গোলকটিকে 4টি অভিন্ন টুকরোয় ভাগ করলে সেই 4টি টুকরোর সমস্ত পৃষ্ঠতল রং করতে কত রং প্রয়োজন হবে?
(a) 2.2 লিটার (b) 2.5 লিটার (c) 3.0 লিটার (d) 4.0 লিটার
180. রাহুল প্রতি চেয়ার 3500 টাকা হিসেবে 8টি চেয়ার, প্রতি চেয়ার 3000 টাকা হিসাবে 7টি চেয়ার এবং প্রতি চেয়ার 2200 টাকা হিসেবে 5টি চেয়ার কিনেছেন। একটি চেয়ারের গড় মূল্য গণনা করুন:
(a) 5000 টাকা (b) 2500 টাকা (c) 3000 টাকা (d) 3500 টাকা
181. একটি নির্দিষ্ট রাশির টাকার উপর সরল সুদ মূলধনের $\frac{1}{9}$ অংশ এবং বছরের সংখ্যা বার্ষিক হার শতাংশের সমান। বার্ষিক হারের শতাংশ সমান কত?
(a) 3% (b) 2% (c) $3\frac{1}{3}$ % (d) 4%
182. যতীনের কাছে 3 : 5 অনুপাতে দুধ এবং জলে ভরা 2টি পাত্র রয়েছে। মেশানোর আগে, জলের পাত্রে 16 লিটার জল যোগ করা হয়েছিল এবং দুধের পাত্র থেকে 2 লিটার দুধ বের করা হয়েছিল। এখন এগুলি একটি ভিন্ন পাত্রে মেশানো হয় এবং দুধ ও জলের নতুন অনুপাত হল 2 : 13। দুধের প্রাথমিক পরিমাণ নির্ণয় করুন:
(a) 4 লিটার (b) 6 লিটার (c) 8 লিটার (d) 10 লিটার
183. কপিল যদি 20টি আম 500 টাকায় বিক্রি করেন, তাহলে তিনি 5টি আমের ক্রয়মূল্যের সমান লাভ করেন। একটি আমের ক্রয়মূল্য কত?
(a) 10 (b) 20 (c) 25 (d) 30
184. যদি 579 * 2 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হয়, তবে চিহ্নিত স্থানে যে সংখ্যাটি বসবে তা হল:
(a) 3 (b) 7 (c) 9 (d) 11
185. একটি ব্যাগে 5 পয়সা, 10 পয়সা এবং 25 পয়সার মুদ্রা 3 : 2 : 1-এর অনুপাতে আছে। যদি সেখানে সব মিলিয়ে 60 টাকা থাকে, তাহলে 5 পয়সার কতগুলি মুদ্রা আছে?
(a) 100 (b) 200 (c) 300 (d) 400
186. বার্ষিক 5% হারে একটি রাশির 3 বছরের সরল সুদ হল 1200 টাকা। একই সময়ে এবং একই সুদের হারে একই রাশির চক্রবৃদ্ধি সুদ নির্ণয় করুন:
(a) 1361 টাকা (b) 1240 টাকা (c) 1261 টাকা (d) 1440 টাকা
187. সরল সুদে কিছু মূলধন 10 বছরে দ্বিগুণ হয়। একই হারে কত বছরে এটি তিনগুণ হবে?
(a) 30 বছর (b) 25 বছর (c) 20 বছর (d) 15 বছর
188. $\sqrt{0.01} + \sqrt{0.81} + \sqrt{1.21} + \sqrt{0.0009}$ -এর মান হবে:
(a) 2.03 (b) 2.1 (c) 2.11 (d) 2.13
189. যদি কোনও আসল চক্রবৃদ্ধি হারে সুদে 3 বছরে সুদে-আসলে 27 গুণ হয় তবে বার্ষিক সুদের হার কত?
(a) 100% (b) 150% (c) 75% (d) 200%
190. দু'টি সংখ্যার অনুপাত হল 9 : 16 এবং তাদের গ.সা.গু হল 34 তাহলে, এই দু'টি সংখ্যার ল.সা.গু কত?
(a) 4856 (b) 4896 (c) 4500 (d) 3969
191. দ্বিতীয় শব্দটি প্রথম শব্দের সঙ্গে যেভাবে সম্পর্কিত, একইভাবে তৃতীয় শব্দের সঙ্গে সম্পর্কিত বিকল্পটি নির্বাচন করুন। (শব্দগুলিকে অবশ্যই অর্থপূর্ণ শব্দ হিসাবে বিবেচনা করতে হবে এবং শব্দের অক্ষরের সংখ্যা/ব্যাঞ্জনবর্ণ/ স্বরবর্ণের সংখ্যার উপর ভিত্তি করে একে অপরের সঙ্গে সম্পর্কিত হতে হবে না:
দ্রুত : ধীর : : উপরে : ?
(a) বিপুল (b) নীচে (c) দারুণ (d) আকাশ
192. দু'টি সিদ্ধান্ত দ্বারা অনুসৃত নিম্নলিখিত বিবৃতিটি অধ্যয়ন করুন এবং বিবৃতিটিতে কোন অনুমানটি অন্তর্নিহিত রয়েছে তা সিদ্ধান্ত নিন।
বিবৃতি: তারার জন্য রাখুন, আপনি অন্তত চাঁদে অবতারণ করবেন।
অনুমান: I. মানুষ চাঁদের চেয়ে বড় বলে তারার দিকে লক্ষ্য রাখে।
II. জ্যোতির্বিজ্ঞানীদের লক্ষ্য তারা এবং চাঁদে অবতরণ করা।
(a) অনুমান I অন্তর্নিহিত রয়েছে (b) অনুমান II অন্তর্নিহিত রয়েছে (c) হয় অনুমান I অথবা II অন্তর্নিহিত রয়েছে (d) অনুমান I এবং II কোনওটিই অন্তর্নিহিত নেই
193. প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। বিবৃতিতে প্রদত্ত তথ্য সত্য বলে ধরে নিয়ে, প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি বিবৃতি থেকে যৌক্তিকভাবে অনুসরণ করে তা নির্ণয় করুন।
বিবৃতি: ভারতের বৃহত্তম ঋণদাতা ব্যাঙ্ক ঘোষণা করেছে যে ব্যাঙ্কটি গ্রাহকদের রিকুইজিশন স্লিপ ছাড়াই 20000 টাকা পর্যন্ত 2000 টাকার নোট বিনিময়ের অনুমতি দেবে।
সিদ্ধান্ত: I. কাউকে 20000 টাকার বেশি টাকা তুলতে দেওয়া হবে না।
II. 20000 টাকা পর্যন্ত বিনিময়ের জন্য কোনও রিকুইজিশন স্লিপের প্রয়োজন নেই।
(a) শুধুমাত্র সিদ্ধান্ত II অনুসরণ করে (b) সিদ্ধান্ত I এবং সিদ্ধান্ত II উভয়ই অনুসরণ করে (c) সিদ্ধান্ত I বা সিদ্ধান্ত II অনুসরণ করে না (d) শুধুমাত্র সিদ্ধান্ত I অনুসরণ করে
194. নীচের কোন বর্ণগুচ্ছটি প্রশ্নচিহ্নটির (?) স্থানে বসে নিম্নলিখিত বর্ণগুচ্ছক্রমটিকে সম্পূর্ণ করবে?
ZXYW, VTUS, RPQO, _?_, JHIG
(a) LNKM (b) NLKM (c) NLMK (d) LNMK
195. বর্ণগুচ্ছক্রমটিকে সম্পূর্ণ করুন:
a ____ bba ____ bba ____ bb
(a) abb (b) aab (c) bba (d) bbb
196. যদি – এর অর্থ হয় ভাগ, × এর অর্থ হয় যোগ, + এর অর্থ হয় গুণ এবং ÷ এর অর্থ হয় বিয়োগ, তাহলে নীচের কোনটি সত্য?
(a) 4 – 2 × 10 ÷ 2 ÷ 2 = 20 (b) 4 + 2 – 10 × 2 ÷ 2 = 20 (c) 4 – 2 × 2 + 10 ÷ 2 = 20 (d) 4 ÷ 2 – 10 × 2 + 2 = 20
197. NOBILITY-এর কোড যদি 67135389 হয়, AFFABLE-এর কোড যদি 4224150 হয়, FALLIBLE-এর কোড কী হবে?
(a) 25445320 (b) 23779028 (c) 53882380 (d) 24553150
198. রাধা সুনিতার থেকে ছোট, কিন্তু রীতার থেকে বড়, রীতা গীতার থেকে বড়,

*এরপর এগারোর পাতায়*

## ভারতীয় রেলে ৩২৪৩৮ গ্রুপ ডি

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

64. 6টি সংখ্যার গড় যদি 17 হয়, তবে সংখ্যাগুলির যোগফল কত?
(a) 86 (b) 95 (c) 100 (d) 102
65. একটি দ্রব্য 1754 টাকায় বিক্রি করলে যে টাকা লাভ হয়, 1492 টাকায় বিক্রি করলে সেই পরিমাণ টাকাই ক্ষতি হয়, তাহলে দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 1623 (b) 1652 (c) 1600 (d) 1579
66. কোনও আসল সরল সুদে 20 বছরে 3 গুণ হলে, ওই আসল একই সুদের হারে কত বছরে দ্বিগুণ হবে?
(a) 4 বছর (b) 8 বছর (c) 10 বছর (d) 12 বছর
67. কোনও টাকা তার $\frac{1}{7}$ অংশ বৃদ্ধি পেয়ে 40 টাকা হলে, মূল টাকার পরিমাণ কত ছিল?
(a) 22 (b) 32 (c) 35 (d) 57
68. দু'টি সংখ্যার ল.সা.গু এবং গ.সা.গু হল যথাক্রমে 315 এবং 7। যদি একটি সংখ্যা 35 হয় তবে অপর সংখ্যাটি কত?
(a) 63 (b) 70 (c) 85 (d) 92
69. A এবং B-এর বয়সের অনুপাত 3 : 5। B-এর বয়স A-এর থেকে 8 বছর বেশি হলে A-এর বয়স কত?
(a) 7 বছর (b) 9 বছর (c) 12 বছর (d) 15 বছর
70. একটি বালকের 5টি লাল বল, 3টি সাদা বল এবং 2টি হলুদ বল আছে। তার কাছে কত শতাংশ হলুদ বল আছে?
(a) 10% (b) 15% (c) 20% (d) 25%
71. নীচের কোন গরিষ্ঠ সংখ্যাটির দ্বারা 259 এবং 847 কে ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রেই 7 অবশিষ্ট থাকবে?
(a) 84 (b) 85 (c) 92 (d) 99
72. কোনও সংখ্যা 25-এর $\frac{1}{3}$ -এর থেকে 6 বেশি হলে সংখ্যাটি কত হবে?
(a) 9 (b) 12 (c) 14.33 (d) 16.32
73. 36-এর 0.4% কত হবে?
(a) 1 (b) 0.144 (c) 0.25 (d) 2
74. একটি নির্দিষ্ট মূল্যের টাকা সরল সুদে 5 বছরে তিনগুণ হলে বার্ষিক শতকরা সুদের হার কত হবে?
(a) 18% (b) 29% (c) 32% (d) 40%
75. 16টি সংখ্যার গড় 8। যদি প্রতিটি সংখ্যার সঙ্গে 2 যোগ করা হয় তাহলে সংখ্যাগুলির নতুন গড় কত?
(a) 10 (b) 11 (c) 16 (d) 18
76. অমিত রাকেশের থেকে 5 বছর আগে জন্মগ্রহণ করে। রাকেশ অনিলের থেকে 3 বছরের ছোট। যদি অমিতের বর্তমান বয়স 17 বছর হয় তাহলে অনিলের বর্তমান বয়স কত?
(a) 12 বছর (b) 15 বছর (c) 16 বছর (d) 18 বছর
77. কোন সংখ্যার $\frac{1}{5}$ অংশ 10 এর 5 গুণ হবে?
(a) 152 (b) 198 (c) 200 (d) 250
78. একটি বর্গাকার জমির কর্ণ 30 মিটার। ওই বর্গাকার জমির ক্ষেত্রফল নির্ণয় করুন:
(a) 280 (b) 320 (c) 450 (d) 500
79. একজন দোকানদার তার দোকানের জিনিসপত্রে 10% ছাড় দেয়। কোনও জিনিসের নির্ধারিত মূল্য 950 টাকা হলে তার বিক্রিত মূল্য কত হবে?
(a) 398 টাকা (b) 405 টাকা (c) 452 টাকা (d) 502 টাকা
80. মান নির্ণয় করুন: 3.5 × (60 ÷ 2.5)
(a) 59 (b) 68 (c) 84 (d) 95
81. $\frac{18}{6}$ -কে শতাংশে পরিণত করুন:
(a) 100% (b) 200% (c) 250% (d) 300%
82. A এবং B-এর বয়সের অনুপাত 3 : 5। B-এর বয়স A-এর থেকে 8 বছর বেশি হলে A-এর বয়স কত?
(a) 8 বছর (b) 12 বছর (c) 16 বছর (d) 17 বছর
83. কোনও দ্রব্যের বিক্রয়মূল্য 616 টাকা হলে 12% লাভ হয়। ওই দ্রব্যটি 462 টাকায় বিক্রয় করলে কত টাকা ক্ষতি হবে?
(a) 55 (b) 60 (c) 88 (d) 92
84. একটি ঘুড়ি ও লাটাইয়ের দাম একসঙ্গে 1 টাকা 10 পয়সা। লাটাইয়ের দাম ঘুড়ি থেকে 1 টাকা বেশি হলে, ঘুড়ির দাম কত?
(a) 5 পয়সা (b) 6 পয়সা (c) 9 পয়সা (d) 12 পয়সা
85. যদি A-এর 90% = B-এর 30% এবং B = A -এর 2x% হয়, তবে x = ?
(a) 38 (b) 55 (c) 100 (d) 150
86. রিঙ্কি, প্রিয়া ও বীণার থেকে বয়সে ছোট। বীণা, সবিতার থেকে বয়সে বড় কিন্তু প্রিয়ার থেকে বয়সে ছোট। কে বয়সে সব থেকে বড়?
(a) রিঙ্কি (b) প্রিয়া (c) সবিতা (d) বীণা
87. যদি '+' মানে '÷', '÷' মানে '–', '–' মানে '×' এবং '×' মানে '+' হয়, তবে 12 + 6 ÷ 3 – 2 × 8 = ?
(a) 2 (b) 3 (c) 4 (d) 6
88. A, P, R, X, S এবং Z একটি সারিতে বসে আছে। S এবং Z কেন্দ্রে এবং A ও P দু'ধারে বসে আছে। R, A-র বাঁদিকে বসলে P -এর ডানদিকে কে বসেছে?
(a) X (b) P (c) R (d) Z
89. যদি Q মানে যোগ, 'J' মানে 'গুণ', 'T' মানে 'বিয়োগ' এবং 'K' মানে 'ভাগ' হয় তবে, 30 K 2 Q 3 J 6 T 5 = ?
(a) 26 (b) 25 (c) 28 (d) 30
90. Aeroplane : Cockpit : : Ship : ?
(a) Stern (b) Bridge (c) Deek (d) Rudder
91. যদি 55 + 66 = 33 এবং 22 + 99 = 33 হয় তবে 44 + 88 = ?
(a) 36 (b) 39 (c) 43 (d) 38

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

শ্যাম রীতার থেকে বড় কিন্তু রাধার থেকে ছোট, তবে সব থেকে ছোট কে?
(a) গীতা (b) রীতা (c) শ্যাম (d) সুনিতা

199. CABLE-কে যদি XZYOV লেখা হয় তবে YZXP -এর কোড কী হবে?
(a) BABY (b) BACK (c) CELL (d) BELL

200. NOISE : NSIOE : : SOUND : ?
(a) SNUOD (b) SNODD (c) DOUNS (d) DNUOS

**উত্তর**

76(b), 77(b), 78(b), 79(d), 80(b), 81(d), 82(b), 83(b), 84(b), 85(c), 86(d), 87(c), 88(c), 89(d), 90(a), 91(c), 92(b), 93(d), 94(a), 95(b), 96(a), 97(d), 98(c), 99(b), 100(c), 101(c), 102(b), 103(c), 104(b), 105(a), 106(c), 107(b), 108(c), 109(b), 110(b), 111(b), 112(c), 113(d), 114(d), 115(b), 116(b), 117(a), 118(c), 119(d), 120(b), 121(b), 122(a), 123(b), 124(c), 125(c), 126(a), 127(b), 128(b), 129(b), 130(b), 131(b), 132(d), 133(d), 134(d), 135(b), 136(c), 137(c), 138(d), 139(a), 140(c), 141(d), 142(d), 143(c), 144(b), 145(a), 146(d), 147(d), 148(b), 149(a), 150(a), 151(c), 152(a), 153(c), 154(c), 155(b), 156(c), 157(b), 158(b), 159(c), 160(b), 161(c), 162(a), 163(c), 164(a), 165(b), 166(b), 167(a), 168(a), 169(b), 170(b), 171(a), 172(b), 173(b), 174(d), 175(c), 176(c), 177(c), 178(a), 179(d), 180(c), 181(c), 182(b), 183(b), 184(c), 185(c), 186(c), 187(c), 188(d), 189(d), 190(b), 191(b), 192(d), 193(a), 194(c), 195(d), 196(c), 197(d), 198(a), 199(b), 200(a).

**সমাধান**

176(c):




AB = 50 মিটার $\Delta$ ABC-তে, $\frac{AB}{BC} = \tan 60^\circ = \sqrt{3}$

$BC = \frac{AB}{\sqrt{3}} = \frac{50}{\sqrt{3}}$ মিটার

$\Delta$ABD-তে, $\frac{AB}{BD} = \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}$

$BD = AB \times \sqrt{3} = 50\sqrt{3}$ মিটার

তাহলে, $CD = BD + BC = 50\sqrt{3} + \frac{50}{\sqrt{3}} = \frac{(50 \times 3 + 50)}{\sqrt{3}}$

$= \frac{200}{\sqrt{3}} = 115.47$ মিটার।

177(c): প্রকৃত নম্বর $= \frac{135}{(1-0.10)} = 150$

সুতরাং, তার নম্বর 150 হত যদি জমা দিতে বিলম্ব না হত।

178(a): A এবং B-এর বয়সের সমষ্টি, (A + B) = গড় × 2 = 48 × 2 = 96 বছর
A, B এবং C-এর বয়সের সমষ্টি, A + B + C = গড় × 3 = 62 × 3 = 186 বছর
C-এর বয়স = (A + B + C) − (A + B) = 186 − 96 = 90 বছর।

179(d): একটি নিরেট গোলকের পৃষ্ঠতল রং করতে 2 লিটার রং প্রয়োজন হয়
নিরেট গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 4\pi r^2$
এখন, গোলকটিকে 4টি অভিন্ন টুকরোয় টাকা হলে এটিই একমাত্র সম্ভব যে 4টি এক-চতুর্থাংশ গোলক পাওয়া যাবে এবং 4টি r ব্যাসার্ধের বৃত্তাকার ক্ষেত্র যোগ হবে
$\Rightarrow$ 4টি অভিন্ন টুকরোর পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 4\pi r^2 + 4 \times \pi r^2 = 8\pi r^2$
$4\pi r^2$ ক্ষেত্রফল রং করতে 2 লিটার রং প্রয়োজন
$8\pi r^2$ ক্ষেত্রফল রং করতে 2 × 2 লিটার = 4 লিটার রং প্রয়োজন।

180(c): 8টি চেয়ার কেনার সময় মোট মূল্য 8 × 3500 = 28000
8টি চেয়ার কেনার সময় মোট মূল্য = 7 × 3000 = 21000
5টি চেয়ার কেনার সময় মোট মূল্য = 5 × 2200 = 11000

একটি চেয়ারের গড় মূল্য $= \frac{(28000 + 21000 + 11000)}{(8+7+5)} = 300$ টাকা।

181(c): মূলধন হল P এবং সুদের হার হল r

$SI = \frac{P}{9}$ এবং বছরের সংখ্যা t = r

সুতরাং, $\frac{(P \times r \times r)}{100} = \frac{P}{9} \Rightarrow r^2 = \frac{100}{9} \Rightarrow r = \frac{10}{3} = 3\frac{1}{3}$ %.

182(b): ধরা যাক, পাত্রে দুধ আছে = 3x
পাত্রে জল আছে = 5x

প্রশ্নানুযায়ী, $\frac{(3x-2)}{(5x+16)} = \frac{2}{13} \Rightarrow 39x - 26 = 10x + 32$

$\Rightarrow 29x = 58 \Rightarrow x = 2$

দুধের প্রাথমিক পরিমাণ = 3x = 3 × 2 = 6 লিটার।

183(b): ধরি, একটি আমের ক্রয়মূল্য x টাকা
প্রশ্নানুসারে, 20টি আমের বিক্রয়মূল্য = 500 টাকা
20টি আমের দাম = 20x
কএখন, তিনি 5টি আমের ক্রয়মূল্যের সমান লাভ করেন
লাভ = 5x, লাভ = SP − CP

$\Rightarrow 5x = 500 - 20x \Rightarrow 25x = 500 \Rightarrow x = \frac{500}{25} \Rightarrow x = 20$

সুতরাং, একটি আমের ক্রয়মূল্য 20 টাকা।

184(c): একটি সংখ্যা 11 দ্বারা বিভাজ্য হয় যদি বিজোড় স্থানের অঙ্কের যোগফল এবং জোড়স্থানে এর অঙ্কের যোগফল হয় 0 বা 11-এর গুণিতক হয়
বিজোড় স্থানের অঙ্কের যোগফল − জোড়স্থানের অঙ্কের যোগফল = (5 + 9 + 2) − (7 + x) = 0 বা, 11 -এর গুণিতক
16 − (7 + x) = 0 বা, 11-এর একটি গুণিতক, যা (9 − x)-কে সরল করে = 0 বা, 11-এর গুণিতক

x-এর ক্ষুদ্রতম মান যা এই শর্তকে সন্তুষ্ট করে তা হল 9, কারণ (9 − 9) = 0
অতএব, 11 দ্বারা বিভাজ্য করার জন্য 579 * 2 সংখ্যাটিতে * যে অঙ্কটি উপস্থাপন করে তা হল 9.

185(c): 5 পয়সা : 10 পয়সা : 25 পয়সা = 3 : 2 : 1 = 3x : 2x : x
60 টাকা = 60 × 100 = 6000 পয়সা
$5 \times 3x + 10 \times 2x + 25 \times 1x = 6000 \Rightarrow 15x + 20x + 25x = 6000$
$\Rightarrow 60x = 6000 \Rightarrow x = 100$
$\Rightarrow$ 5 পয়সার মুদ্রার সংখ্যা = 3x = 3 × 100 = 300.

186(c): সুদের হার, R = 5% এবং সময়, T = 3 বছর

সরল সুদ (SI) =1200 টাকা $= \left(\frac{P \times R \times T}{100}\right)$

$1200 = \left(\frac{P \times 5 \times 3}{100}\right)$, P = 8000 টাকা

চক্রবৃদ্ধি সুদ (CI) $= P\left[\left(1 + \frac{R}{100}\right)^T - 1\right] = 8000 \times \left[\left(1 + \frac{5}{100}\right)^3 - 1\right]$

= 1261 টাকা।

187(c): সুদ-আসল = 2P, সময় = 10 বছর

সুদ-আসল $= \left(\frac{PRT}{100}\right) + P \Rightarrow 2P = \left(\frac{PR}{10}\right) + P$

$\Rightarrow P = \left(\frac{PR}{10}\right) \Rightarrow R = 10\%$

প্রশ্নানুসারে, সুদ-আসল = 3P

$3P = \left(\frac{10PT}{100}\right) + P \Rightarrow 2P = \left(\frac{PT}{10}\right) \Rightarrow T = 20$ বছর।

188(d): $\sqrt{0.01} + \sqrt{0.81} + \sqrt{1.21} + \sqrt{0.0009}$
$= 0.1 + 0.9 + 1.1 + 0.03 = 2.13.$

189(d): যেহেতু টাকার মূলধন 3 বছরে নিজের থেকে 27 গুণ হয়ে যায়,
$P(1 + r)^3 = 27P \Rightarrow (1 + r)^3 = 27 \Rightarrow 1 + r = 3 \Rightarrow r = 3 - 1 = 2$
অতএব, চক্রবৃদ্ধি সুদের বার্ষিক হার 200%, যখন শতাংশ হিসাবে প্রকাশ করা হয়।

190(b): দু'টি সংখ্যার অনুপাত 9 : 16
মনে করি, সংখ্যা দু'টি 9x এবং 16x
যেহেতু গ.সা.গু সাধারণ ফ্যাক্টর তাই গ.সা.গু হল x
অতএব, সংখ্যাগুলি হল 9 × 34 = 306 এবং 16 × 34 = 544
ল.সা.গু × গ.সা.গু = সংখ্যার গুণফল
$\Rightarrow$ ল.সা.গু × 34 = 306 × 544 $\Rightarrow$ ল.সা.গু = 4896.

191(b): অনুসরণ করা যুক্তি হল: দ্বিতীয় শব্দটি প্রথম শব্দের বিপরীত
এখানে, দ্রুত : ধীর, ধীর গতির বিপরীত
একইভাগে, উপরে : নীচে (নীচে হল উপরের বিপরীত)।

193(a): বিবৃতি থেকে এটা স্পষ্ট যে সিদ্ধান্ত II অনুসরণ করে। কিন্তু, সিদ্ধান্ত I নিয়ে কোনও কথা বিবৃতিতে নেই। সুতরাং, সিদ্ধান্ত II অনুসরণ করে।

194(c): $Z \xrightarrow{-4} V \xrightarrow{-4} R \xrightarrow{-4} N \xrightarrow{-4} J$
$X \xrightarrow{-4} T \xrightarrow{-4} P \xrightarrow{-4} L \xrightarrow{-4} H$
$Y \xrightarrow{-4} U \xrightarrow{-4} Q \xrightarrow{-4} M \xrightarrow{-4} I$
$W \xrightarrow{-4} S \xrightarrow{-4} O \xrightarrow{-4} K \xrightarrow{-4} G$

195(d): a b bb/a b bb/a b bb.

196(c): 4 − 2 × 2 + 10 ÷ 2 $\Rightarrow$ 4 ÷ 2 + 2 × 10 − 2 = 2 + 20 − 2 = 20.

197(d):

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | N | O | B | I | L | I | T | Y | | |
| | 6 | 7 | 1 | 3 | 5 | 3 | 8 | 9 | | |
| | A | F | F | A | B | L | E | | | |
| | 4 | 2 | 2 | 4 | 1 | 5 | 0 | | | |
| তাহলে, | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 0 |
| | B | F | I | A | L | N | O | T | Y | E |
| ∴ | F | A | L | L | I | B | L | E | | |
| | 2 | 4 | 5 | 5 | 3 | 1 | 5 | 0 | | |

198(a): ছোট থেকে বড় সাজালে হবে:
গীতা < রীতা < শ্যাম < রাধা < সুনীতা ∴ সব থেকে ছোট = গীতা।

199(b): A to Z শুরু থেকে এবং শেষ থেকে ধরা হয়েছে:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | C | A | B | L | E |
| | ↓3 | ↓1 | ↓2 | ↓12 | ↓5 |
| | X | Z | Y | O | V |
| একইভাবে, | Y | Z | X | P | |
| | ↓2 | ↓1 | ↓3 | ↓11 | |
| | B | A | C | K | |

200(a): এখানে, যুক্তিটি হল: মাঝের অক্ষরগুলি শেষ থেকে শুরুতে বসবে:
যেমন, NOISE $\Rightarrow$ N + (OIS) + E $\Rightarrow$ N + (SIO) + E = NSIOE
একইভাবে, SOUND $\Rightarrow$ S + (OUN) + D
$\Rightarrow$ S + (NUO) + D = SNUOD.

## ভারতীয় রেলে ৩২৪৩৮ গ্রুপ ডি

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

92. যদি P × Q মানে P ÷ Q, P − Q মানে P + Q এবং P ÷ Q মানে P − Q হয়, তবে 18 − 6 ÷ 8 × 4 = ?
(a) 18 (b) 20 (c) 22 (d) 24

93. 2, 5, 9, ?, 20 27
(a) 14 (b) 16 (c) 18 (d) 20

94. যদি কোনও সাংকেতিক ভাষায় DELHI কে CCIDD লেখা হয়, তবে সেই ভাষায় BOMBAY-কে কী লেখা হবে?
(a) AMXVSJ (b) AMJXVS (c) AMJSXV (d) AMXJSV

95. নীচের কোন চিত্রের দ্বারা সঠিকভাবে হাতি, নেকড়ে এবং পশুর সম্পর্ককে প্রকাশ করা যায়?




96. স্কুলে স্বাস্থ্য পরীক্ষার সময় নীতা দেখল সে তার ক্লাসে উচ্চতায় 12তম লম্বা ও 12তম খাটো ছাত্রী। যদি তার ক্লাসে কোনও দু'জন ছাত্রীর সমান উচ্চতা না হয়, তার ক্লাসে মোট কতজন ছাত্রী ছিল?
(a) 23 (b) 22 (c) 18 (d) 25

97. $ZA_5$, $Y_4B$, $XC_6$, $W_3D_1$ ____
(a) $VE_8$ (b) $VT_7$ (c) $EX_4$ (d) $YX_8$

98. 2, 5, 9, 19, 37 ?
(a) 64 (b) 75 (c) 82 (d) 95

99. 8, 43, 11, 41, ____, 39, 17
(a) 10 (b) 12 (c) 14 (d) 18

100. FAG, GAF, HAI, IAH, _____
(a) JAK (b) VJK (c) JKP (d) AJV

**উত্তর**

1(d), 2(a), 3(b), 4(b), 5(a), 6(d), 7(b), 8(c), 9(b), 10(b), 11(b), 12(b), 13(d), 14(b), 15(a), 16(b), 17(c), 18(b), 19(c), 20(c), 21(c), 22(a), 23(b), 24(b), 25(a), 26(d), 27(b), 28(b), 29(b), 30(b), 31(d), 32(b), 33(d), 34(a), 35(b), 36(d), 37(b), 38(c), 39(c), 40(d), 41(a), 42(b), 43(d), 44(b), 45(c), 46(c), 47(c), 48(a), 49(c), 50(c), 51(a), 52(c), 53(b), 54(d), 55(a), 56(c), 57(c), 58(a), 59(c), 60(c), 61(a), 62(c), 63(b), 64(d), 65(a), 66(c), 67(c), 68(a), 69(c), 70(c), 71(a), 72(c), 73(b), 74(d), 75(a), 76(b), 77(d), 78(c), 79(b), 80(c), 81(d), 82(b), 83(c), 84(a), 85(d), 86(b), 87(c), 88(a), 89(c), 90(c), 91(a), 92(c), 93(a), 94(b), 95(d), 96(a), 97(b), 98(b), 99(c), 100(a).

**সমাধান**

46(c): শুধু অঙ্কে ফেল করেছে = 35 − 10 = 25%
শুধু ইংরেজিতে ফেল করেছে = 15 − 10 = 5%
∴ পাশের হার = 100 − (25 + 5 + 10) = 100 − 40 = 60%.

47(c): ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য 100 টাকা

| ক্রয়মূল্য | বিক্রয়মূল্য |
|---|---|
| 100 | 100 − 10 = 90 |
| 250 | ? |

∴ নির্ণেয় বিক্রয়মূল্য $= \frac{250}{100} \times 90 = 225$ টাকা।

48(a): ধরি, বাসভাড়া = 4x একক
ট্রেন ভাড়া = 5x একক

10% বৃদ্ধিতে বাসের ভাড়া $= \left(4x \times \frac{10}{100}\right) + 4x = \frac{4x}{10} + 4x = \frac{44x}{10}$

20% বৃদ্ধিতে ট্রেনের ভাড়া $= \left(5x \times \frac{20}{100}\right) + 5x = x + 5x = 6x$

∴ বাস ও ট্রেন ভাড়ার নতুন অনুপাত $= \frac{44x}{10} : 6x = 44 : 60 = 11 : 15.$

49(c): 60000 টাকার 35% $= 60000 \times \frac{35}{100} = 21000$
∴ ব্যক্তিটি পাবেন = 60000 − 21000 = 39000 টাকা।

50(c): A-এর 40% = B-এর 60%

বা, $A \times \frac{40}{100} = B \times \frac{60}{100}$ বা, $\frac{A}{B} = \frac{60}{100} \times \frac{100}{40} = \frac{3}{2}$.

51(a): $17^{200} = 17^{200} - 1 + 1 = (17^{200} - 1^{200}) + 1$
$17^{200}$-কে 18 দিয়ে ভাগ করলে 1 ভাগশেষ থাকে।

52(c): $r_1 = 5$, $r_2 = 4$ [ $r_1$, $r_2$ ব্যাসার্ধ]
ক্ষেত্রফলের অনুপাত $\pi r_1^2 : r_2^2$
বা, $r_1^2 : r_2^2$ বা, $5^2 : 4^2$ বা, 25 : 16.

53(b):

```
      1500|38
      9   |
 68 | 600
    | 544
      56
```

∴ $1500 = 38^2 + 56\ (38 + 1^2) = 1521$
∴ 1521 − 1500 = 21 যোগ করলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

54(d): প্রথমক্ষেত্রে ক্রয়মূল্য $= \frac{100 \times 30}{125} = 24$

দ্বিতীয়ক্ষেত্রে বিক্রয়মূল্য $= \frac{33.60 \times 100}{24} = 140$ টাকা
লাভ (140 − 100)% = 40%.

55(a): $\frac{8.1 \times 0.25}{1.5 \times 4} = \frac{\frac{81}{10} \div \frac{27}{100}}{\frac{15}{10} \times 4} = \frac{\frac{81}{10} \times \frac{100}{27}}{\frac{15}{10} \times 4} = \frac{30 \times 10}{15 \times 4} = 5.$

56(c): $\sqrt{6} \times \sqrt{15} = x\sqrt{10}$
উভয়পক্ষকে বর্গ করে পাই $\left(\sqrt{6} \times \sqrt{15}\right)^2 = \left(x \times \sqrt{10}\right)^2$
বা, $6 \times 15 = x^2 \times 10$ বা, $x^2 = \frac{6 \times 15}{10} = 9 \therefore x = 3.$

57(c): তপনের মোট রোজগার = 9 × 5 × 15 = 630 টাকা।

58(a): ∴ ছাত্রদের অঙ্কে গড় নম্বর = 1000 ÷ 20 = 50.

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

# ভারতে ৯০০ শূন্যপদে লোক নেবে সিমেন্স

ভারতে প্রায় ৯০০ শূন্যপদে লোক নিচ্ছে জার্মান বহুজাতিক সংস্থা সিমেন্স। বিশ্ব জুড়ে শিল্প, পরিবহণ, পরিকাঠামো, স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে অত্যাধুনিক প্রযুক্তিগত পরিষেবা দিয়ে থাকে এই সংস্থা।

ভারতে নিয়োগ হবে কাস্টমার সার্ভিসেস, ইঞ্জিনিয়ারিং, তথ্যপ্রযুক্তি, গবেষণা ও উন্নয়ন, ম্যানুফ্যাকচারিং, বিপণন, সাপ্লাই চেন লজিস্টিক্স, পরিবেশ ও স্বাস্থ্য নিরাপত্তা প্রভৃতি বিভাগে।

শূন্যপদের তালিকা, পদ অনুসারে যোগ্যতা ও আবেদনের লিঙ্ক পাবেন এই ওয়েবসাইটে: https://jobs.siemens.com/ ওয়েবসাইটে 'লোকেশন'-এর ঘরে 'ইন্ডিয়া' লিখবেন। সংস্থার তরফে জানানো হয়েছে, আগ্রহী চাকরিপ্রার্থীরা উপরোক্ত ওয়েবসাইটের 'লেট ইয়োর রেজুমে সার্চ ফর জবস' বিভাগে জীবনপঞ্জি আপলোড করতে পারেন বা জীবনপঞ্জি তৈরি করে নিতে পারেন। শূন্যপদ অনুসারে প্রার্থীর যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত প্রার্থীর সঙ্গে যোগাযোগ করে নেবে সংস্থা।

# হৃষীকেশ এইমসে প্রফেসর

বিভিন্ন বিভাগে ৯৭ জন প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে উত্তরাখণ্ডের হৃষীকেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2025/18.

নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানেস্থিশিয়োলজি, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওলজি, কার্ডিওথোরাসিক সার্জারি, কমিউনিটি/ফ্যামিলি মেডিসিন, ডেন্টিস্ট্রি, ডার্মাটোলজি, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, গ্যাসট্রোয়েন্টেরোলজি, জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, মেডিক্যাল অঙ্কোলজি/হেমাটোলজি, মাইক্রো-বায়োলজি, নেওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, অপথ্যালমোলজি, অর্থোপেডিক্স, পেডিয়াট্রিক্স, পেডিয়াট্রিক সার্জারি, প্যাথোলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, ফিজিওলজি, সাইকিয়াট্রি, রেডিও ডায়াগনসিস, রেডিওথেরাপি, সার্জিক্যাল গ্যাসট্রোয়েন্টেরোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড এমার্জেন্সি, ইউরোলজি।

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ২৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **অ্যাডিশনাল প্রফেসর:** ১৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **অ্যাসোসিয়েট প্রফেসর:** ২৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ২৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ১)। নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২৭-৪-২০২৫ তারিখে প্রফেসর ও অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ৫৮ বছরের মধ্যে এবং অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৬৮,৯০০-২,২০,৪০০ টাকা, অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৮,২০০-২,১১,৪০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৮,৩০০-২,০৯,২০০ টাকা ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০-১,৬৭,৪০০ টাকা।-

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aiimsrishikesh.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ এপ্রিল। অনলাইন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

১০ মে-র মধ্যে প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: In-charge Recruitment Cell, All India Institute of Medical Sciences, Rishikesh, Uttarakhand – 249203.

শিক্ষাগত যোগ্যতা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যাঙ্ক অব বরোদায় ১১৯

*প্রথম পাতার পর*

মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ৮ লক্ষ থেকে ১৪ লক্ষ টাকা। ওয়েলথ স্ট্র্যাটেজিস্ট পদের ক্ষেত্রে ১২ লক্ষ থেকে ২০ লক্ষ টাকা।

প্রার্থী বাছাই করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে জেপিজি বা জেপেগ বা পিডিএফ ফর্ম্যাটে) আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সায়েন্স সিটিতে সায়েন্স কমিউনিকেটর

সায়েন্স কমিউনিকেটর পদে ৮ জনকে নিয়োগ করবে কলকাতার সায়েন্স সিটি। নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও ১ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2025.

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা কেমিস্ট্রি বা বায়োসায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। ইংরেজি বা হিন্দি এবং বাংলা ভাষায় দক্ষ হতে হবে।

২০২২-এর আগে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ করে থাকলে আবেদন করবেন না।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://sciencecitykolkata.org.in দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল, প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১৩ এপ্রিলের মধ্যে ডাকে অথবা সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: The Controller of Administration, Science City, JBS Haldane Avenue, Kolkata-700 046.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এন টি পি সি গ্রিন এনার্জিতে ১৫৬

*প্রথম পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সঙ্গে হিউম্যান রিসোর্স বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা হিউম্যান রিসোর্স অ্যান্ড অর্গানাইজেশনাল ডেভেলপমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা হিউম্যান রিসোর্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

উপরোক্ত সব ক্ষেত্রেই যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**ফিনান্স:** ২৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা সি এম এ পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-৫-২০২৫ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতন: বার্ষিক ১১ লক্ষ টাকা (সিটিসি)।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ngel.in দরখাস্ত করা যাবে ১১ এপ্রিল থেকে ১ মে পর্যন্ত। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে সাবমিট করা দরখাস্ত ও ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্টে বিভিন্ন চাকরি

*প্রথম পাতার পর*

মেশিনিং, টুলস অ্যান্ড ডাই মেকিং অ্যান্ড ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। **বেতনক্রম:** ২২,৮০০-৭৫,৮৫০ টাকা।

**পোস্ট কোড ৫: প্রোগ্রামিং অ্যাসোসিয়েট:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে ডিপ্লোমা বা বি এসসি ডিগ্রি। অথবা বি সি এ। **বেতনক্রম:** ২২,৮০০-৭৫,৮৫০ টাকা।

**পোস্ট কোড ৬: অ্যাসিস্ট্যান্ট (এইচ আর):** ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি বি এম বা বি বি এ। **বেতনক্রম:** ২০,২৫০-৬৫,৫০০ টাকা।

**পোস্ট কোড ৮: জুনিয়র মেইন্টেনার (ইলেক্ট্রিক্যাল):** ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিশিয়ান বা সমতুল ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই সার্টিফিকেট। **বেতনক্রম:** ১৮,২৫০-৫৯,২০০ টাকা।

**পোস্ট কোড ৯: জুনিয়র মেইন্টেনার (মেকানিক্যাল):** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিটার বা সমতুল ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই সার্টিফিকেট। **বেতনক্রম:** ১৮,২৫০-৫৯,২০০ টাকা।

**বয়স:** ২৪-৩-২০২৫ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় দেড় ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ncrtc.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪-৩০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (পিডিএফ ফর্ম্যাটে ১০-৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সরকারি সংস্থায় টেকনিশিয়ান

টেকনিশিয়ান পদে ২৯ জনকে নেবে সেন্টার ফর ডেভেলপমেন্ট অব টেলিম্যাটিকস। এটি কেন্দ্রীয় সরকারের টেলিকমিউনিকেশন দপ্তরের অধীনস্থ প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CDOT/HR/REC/2025/02/01.

মোট শূন্যপদ ২৯টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইনফর্মেশন সিস্টেম বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা ডিপ্লোমা।

বয়স: ৫-৫-২০২৫ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। কলকাতায় লিখিত পরীক্ষার কেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cdot.in দরখাস্তের শেষ তারিখ ৫ মে। অনলাইন সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হিন্দুস্তান পেট্রোলিয়ামে জুনিয়র এক্সিকিউটিভ

*প্রথম পাতার পর*

ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

ফায়ার অ্যান্ড সেফটি শাখার ক্ষেত্রে বিজ্ঞান শাখায় স্নাতক ডিগ্রি-সহ ফায়ার অ্যান্ড সেফটি বিষয়ে ডিপ্লোমা।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩০-৪-২০২৫ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সব ক'টি পদের ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক টেস্ট, গ্রুপ টাস্ক বা গ্রুপ ডিসকাশন, স্কিল টেস্ট, পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustanpetroleum.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ এপ্রিল পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি-সহ)। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

"শুধুমাত্র পরীক্ষায় উঁচু নম্বর বা ভালো রেজাল্ট নয়,
ব্যক্তিত্ব ও সফল কেরিয়ার গড়ার ঠিকানা
ওয়েস্ট এন্ড হাই স্কুল।"




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in